আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

যারা আল্লাহর নিদর্শনাবলীকে অস্বীকার করে এবং পয়গম্বরগণকে হত্যা করে অন্যায়ভাবে, আর সেসব লোককে হত্যা করে যারা ন্যায়পরায়ণতার নির্দেশ দেয় তাদেরকে বেদনাদায়ক শাস্তির সংবাদ দিন।

সূরা আল ইমরান- ২১

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ মার্চ ২০২৬ ॥ ১৩ রমজান ১৪৪৭ ॥ ১৮ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

গণভোটের ফল বাতিল চেয়ে রিটের আদেশ আজ

কীর্তনখোলা ডেস্ক

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা চ্যালেঞ্জ, আজ ১৩ ফেব্রুয়ারি ঘোষিত ফলাফল বাতিল এবং 'জুলাই জাতীয় ২ এর পাতায় দেখুন

প্রধান বিরোধী দল হিসেবে জামায়াত পাচ্ছে ডেপুটি স্পিকার

কীর্তনখোলা ডেস্ক

জুলাই জাতীয় সনদের প্রতি সম্মান দেখিয়ে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ঠিক করার জন্য প্রধান বিরোধী দল বাংলাদেশ ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রী প্রাতিষ্ঠানিকভাবে চলতে চান, কেউ যেন সুবিধা নিতে না পারে

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী প্রাতিষ্ঠানিকভাবে চলতে চান এবং আমাদের (দলীয়) লোকও যেন বেনিফিট নিতে না পারে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি-গভর্নিং বডির মেয়াদ বাড়লো

কীর্তনখোলা ডেস্ক

বেসরকারি স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডির সভাপতির মেয়াদ ২ এর পাতায় দেখুন

বাবুগঞ্জ মহাসড়কে সিএনজি ও পিকআপ মুখোমুখি সংঘর্ষ, নিহত ২

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সিএনজিচালিত অটোরিকশা ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের দুজন নিহত হয়েছেন। এ ঘটনায় অটোরিকশাচালকসহ গুরুতর আহত হয়েছেন আরও তিনজন। সোমবার (২ মার্চ) বিকেল ৪টার দিকে ঢাকা বরিশাল মহাসড়কের বাবুগঞ্জ উপজেলার নতুনহাট কদমতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত দুজনের মধ্যে একজনের নাম মো. শহিদুল ইসলাম (৪৮)। তিনি বরিশালের গৌরনদী উপজেলার দিয়াসুর গ্রামের হাসান হাওলাদারের ছেলে। নিহত অপর নারী শহিদুল ইসলামের চাচি বলে ধারণা করা হচ্ছে। প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে পুলিশ জানায়,

ঢাকা থেকে ছেড়ে আসা একটি পিকআপ ভ্যান এবং বরিশালের দিক থেকে আসা যাত্রীবাহী সিএনজিচালিত অটোরিকশা মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে অটোরিকশায় থাকা একই পরিবারের চার সদস্যের মধ্যে একজন নারী ও একজন পুরুষ ঘটনাস্থলেই নিহত হন। দুর্ঘটনায় সিএনজিচালক এবং ওই পরিবারের অপর দুই সদস্য গুরুতর আহত হন। দুর্ঘটনার পরপরই সড়কে যান চলাচল ব্যাহত হয়। স্থানীয়রা প্রথমে উদ্ধার তৎপরতায় অংশ নেন। পরে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে নিহতদের মরদেহ উদ্ধার করেন এবং সড়কে যান চলাচল স্বাভাবিক করেন। আহতদের উদ্ধার করে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ভর্তি করা হয়েছে। গৌরনদী হাইওয়ে থানা পুলিশ দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছে। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখ বলেন, 'নিহতদের মধ্যে একজনের পরিচয় নিশ্চিত হওয়া গেছে, অপর নারীর পরিচয় এখনও পাওয়া যায়নি। পাশাপাশি এ বিষয়ে তদন্ত চলছে। নিহতদের মরদেহ হাইওয়ে পুলিশের মাধ্যমে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়েছে। আহতদের শেবাচিম হাসপাতালে ভর্তি করা হয়েছে।' ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: আমানতদারি ও চারিত্রিক সততা

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ১৩তম দিবস। সিয়াম সাধনা কেবল উপবাস থাকার নাম নয়, বরং এটি মুমিনের চরিত্রে আমানতদারি ও সততার প্রতিফলন ঘটানোর এক অনন্য প্রশিক্ষণ। একজন রোজাদার যেমন লোকচক্ষুর অন্তরালেও আল্লাহর ভয়ে পানাহার থেকে বিরত থাকেন, ঠিক তেমনি জীবনের প্রতিটি ক্ষেত্রে তা হোক ২ এর পাতায় দেখুন

অ্যাড. লিংকনসহ ১১ আইনজীবীর জামিন, একজন কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে আদালত কক্ষে ভাঙচুর ও বিচারককে হেনস্তার মামলায় জেলা আইনজীবী সমিতির সভাপতিসহ বিএনপিপন্থী ১১ আইনজীবী জামিন পেয়েছেন। একই মামলার আরেক আসামি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের এপিপি মিজানুর রহমানকে আদালত কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন। গতকাল সোমবার (২ মার্চ) আসামিরা মহানগর ম্যাজিস্ট্রেট আদালতে জামিন আবেদন করেন। বিচারক মিরাজুল ইসলাম রাসেল ১১ জনের আবেদন মঞ্জুর ও মিজানের জামিন নামঞ্জুর করেন। আসামিদের আইনজীবী মোখলেসুর রহমান বাচ্চু এ তথ্য নিশ্চিত করেছেন। জানা গেছে, আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট সাদিকুর রহমান লিংকনকে গত বুধবার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে কারাগারে পাঠান। অপর ১১ জন সোমবার আদালতে আত্মসমর্পণ করেন। জামিন বাতিল হওয়া আসামি আইনজীবী মিজান সম্পর্কে এজাহারে উল্লেখ্য রয়েছে ২ এর পাতায় দেখুন

মধ্যপ্রাচ্যে হামলায় দুই বাংলাদেশি নিহত, আহত ৭

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘটনায় দুই বাংলাদেশি নাগরিক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত সাতজন। সোমবার (২ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে। বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশ সরকার পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রবাসীদের নিরাপত্তা নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদক্ষেপ ২ এর পাতায় দেখুন

বাউফলে ক্ষতিগ্রস্ত মন্দির পরিদর্শনে এমপি ড. মাসুদ

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলার সদর ইউনিয়নের ভুবনসাহা কাচারি এলাকায় অবস্থিত শীতলা-কালীমাতা মন্দিরে প্রতিমা ভাঙচুরের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শন করেছেন পটুয়াখালী ০২ আসনের নব নির্বাচিত সংসদ সদস্য ডা. শফিকুল ইসলাম মাসুদ। সোমবার (২ মার্চ) বেলা সাড়ে ১১টার দিকে তিনি মন্দিরটি পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত প্রতিমা ও মন্দিরের সার্বিক পরিস্থিতি ঘুরে দেখেন। পরিদর্শনকালে মন্দির পরিচালনা কমিটির সভাপতি অনিল চন্দ্র গণপতিসহ কমিটির অন্যান্য সদস্য ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন এমপি। এ সময় তিনি ঘটনার বিস্তারিত খোঁজখবর নেন। ডা. শফিকুল ইসলাম মাসুদ এ ঘটনায় নিন্দা জানিয়ে বলেন, "ধর্মীয় উপাসনালয়ে হামলা ও প্রতিমা ভাঙচুরের ২ এর পাতায় দেখুন

বরিশাল সদর উপজেলায় মতবিনিময় সভায় উপস্থিত অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি-**কীর্তনখোলা**

ইন্দুরকানীতে আ.লীগ নেতা আজিজ মিনিস্টার গ্রেফতার

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানগর উপজেলায় আওয়ামী লীগ নেতা আ. আজিজ হাওলাদারকে (৬২) গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২ মার্চ) দুপুর আনুমানিক ২টার দিকে উপজেলার সেউতিবাড়িয়ার নিজ বাড়ি থেকে তাকে জিয়ানগর থানার পুলিশ গ্রেপ্তার করে। তিনি উপজেলার ইন্দুরকানী সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বরত। তিনি ইউনিয়ন পর্যায়ে ২ এর পাতায় দেখুন

বিএনপি-জামায়াত সেজে শেবাচিমে আওয়ামীপন্থী কর্মচারীদের আধিপত্য বহাল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে আওয়ামী সরকারে সময়ে সুবিধাভোগী ও দমন পীড়নে জড়িত কর্মচারীরা এখনো বহাল তবিয়তে। কেউ কেউ ভোল পাল্টে রাতারাতি হয়ে গেছে বিএনপি কিংবা জামায়াত। এভাবে এখনো যাতাকলে পিষ্ট হচ্ছে সেই সময়ে বিএনপি জামায়াত ট্যাগ দিয়ে হেনস্তা হওয়া কর্মচারীরা। শেবাচিম সূত্রে জানা গেছে, কিছু দিন পূর্বে চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের একটি কমিটি পাশ করানোর জন্য বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ারের দারস্থ হয় একটি মহল। তাদের ব্যাকগ্রাউন্ডে আওয়ামী লীগের সংশ্লিষ্টতা থাকার তথ্য পেয়ে তাদেরকে এড়িয়ে যান সরোয়ার। এরপর এই চক্র বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের রহমাতুল্লার দারস্থ হয়। তাকে ভুলভাল বুঝিয়ে তার মাধ্যমে কমিটি করে। কমিটির শীর্ষ পর্যায়ের দু'একজন বিএনপি পন্থী হলেও বাকী অধিকাংশ সদস্য ঘোর আওয়ামী পন্থী। তৎকালীন সময়ে আওয়ামী ক্যাডার ডা. সায়েম ও ইউসুফ আলী মিলনের ছত্রছায়ায় কাজ করতো। তাদের মধ্যে ওয়ার্ড মাস্টার মশিউল আলম ফেরদৌস, সাইফুল ইসলাম, মাহমুদুল হাসান ২ এর পাতায় দেখুন

মাদক কেনার টাকা না পেয়ে হাফেজকে পিটিয়ে হত্যা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদীতে মাদক কেনার টাকা চেয়ে না পেয়ে হাফেজ হাবিবুল্লাহকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে এক মাদকাসক্ত যুবকের বিরুদ্ধে। পাশাপাশি হামলার সময় বাবাকে বাঁচাতে গেলে হাবিবুল্লাহর মেয়েকে পিটিয়ে জখম করা হয়েছে। সোমবার ভোরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হাফেজ হাবিবুল্লাহর মৃত্যু হয়। এর আগে শুক্রবার সকাল ১০টার দিকে উপজেলার সফিপুর ইউনিয়নের উত্তর বালিয়াতলী গ্রামের নিজ বাড়িতে শাতিল শরীফ (৩২) নামের এক মাদকসেবীর হামলায় মেয়েসহ আহত হয়েছিলেন হাফেজ হাবিবুল্লাহ। মৃত হাফেজ হাবিবুল্লাহ উত্তর বালিয়াতলী গ্রামের মৃত আব্দুস ছত্তার ভুঁইয়ার ছেলে। তিনি কুরআনে হাফেজ ২ এর পাতায় দেখুন

চাঁদা না দেয়ায় ঠিকাদারকে পিটিয়েছে ইউএনও অফিসের কর্মচারী

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে চাঁদা না দেওয়ায় ঠিকাদারকে পিটিয়ে আহত করার অভিযোগ উঠেছে দুই সরকারি কর্মচারীর বিরুদ্ধে। রোববার (১ মার্চ) বিকেল ৪টার দিকে মুলাদী উপজেলা পরিষদ চত্বরে স্যানিটারি ঠিকাদার ইসরাফিল আকনকে মারধর করা হয়। এ ঘটনায় থানায় অভিযোগ করেছেন ঠিকাদার। মুলাদী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) গাড়িচালক মো. জহির উদ্দীন ও সহকারী কমিশনারের (ভূমি) গাড়িচালক মো. শামিম হোসেনের বিরুদ্ধে এই অভিযোগ ওঠে। তবে গাড়িচালক মো. জহির উদ্দীন চাঁদা দাবি ও ঠিকাদারকে মারধরের বিষয়টি অস্বীকার করেছেন। এ ঘটনায় ঠিকাদার ইসরাফিল সন্ধ্যা সাড়ে ৭টার দিকে মুলাদী থানায় লিখিত অভিযোগ করেছেন। ঠিকাদার ইসরাফিল আকন জানান, তিনি মুলাদী সরকারি কর্মচারী আবাসিক ভবনে স্যানিটারি সংস্কারকাজ করছিলেন। দুপুরে জহির উদ্দীন ও শামিম হোসেন তাঁর কাছে মিষ্টি খাওয়ার খরচের টাকা দাবি করেন। ওই টাকা দিতে ২ এর পাতায় দেখুন



চিফ হুইপ হলেন বরগুনার এমপি নুরুল ইসলাম মনি

কীর্তনখোলা রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদের চিফ হুইপ হয়েছেন বিএনপি দলীয় সংসদ সদস্য নুরুল ইসলাম মনি। তিনি বরগুনা-২ আসন থেকে একাধিকবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। সোমবার (২ মার্চ) জাতীয় সংসদ সচিবালয়ের মানবসম্পদ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। নতুন চিফ হুইপ নুরুল ইসলাম মনি বিএনপির ভাইস চেয়ারম্যান। একই দিন সংসদের হুইপ হিসেবে নিয়োগ পান ছয়জন সংসদ সদস্য। তারা হলেন হবিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য জি কে গউছ, খুলনা-৩ আসনের রকিবুল ইসলাম বকুল, শরীয়তপুর-৩ আসনের মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, নাটোর-২ আসনের রুহুল কুদ্দুস তালুকদার দুলু, দিনাজপুর-৪ আসনের আখতারুজ্জামান মিয়া এবং লক্ষ্মীপুর-৪ আসনের সংসদ সদস্য আশরাফ উদ্দিন নিজান। জাতীয় সংসদ সচিবালয় জানিয়েছে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বেতন-বোনাস নিশ্চিত করুন

প্রায় প্রতিবছরই ঈদের আগে কিছু তৈরি পোশাক কারখানায় বেতন-বোনাস নিয়ে ঝামেলা হয়। বিশেষ করে ঈদের কয়েক দিন আগে থেকে শ্রমিকদের রাস্তায় নেমে আসতে দেখা যায়। সৃষ্টি হয় তীব্র যানজটের। ঈদে ঘরমুখো মানুষকে চরম ভোগান্তি পোহাতে হয়। এ বছরও তেমন আলামতই দেখা যাচ্ছে। গতকাল কালের কণ্ঠে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, ৫০ থেকে ৬০টি কারখানায় অসন্তোষ তৈরি হতে পারে বলে আশঙ্কা করছেন মালিক ও শ্রমিক সংগঠনের নেতারা। আর এর জের ধরে পুরো শিল্পাঞ্চলেই অস্থিরতা ছড়িয়ে পড়তে পারে, যা নতুন সরকারের জন্য সুখকর হবে না। এই খাতের কারখানাগুলোতে প্রায়ই শ্রমিক অসন্তোষের ঘটনা ঘটছে। এর ওপর শুরু হয়ে গেছে বেতন-ভাতা ও ঈদ উপলক্ষে উৎসব বোনাসের দাবিতে কর্মসূচি পালন। জাতীয় গার্মেন্টস শ্রমিক জোট বাংলাদেশের উদ্যোগে গত শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করা হয়। আগামী ২০ রমজানের মধ্যে তৈরি পোশাক খাতের শ্রমিকদের সব বকেয়া মজুরি ও ঈদ বোনাস পরিশোধের দাবি জানানো হয়। গত বৃহস্পতিবার গাজীপুর মহানগরীর কোনাবাড়ী এলাকায় অবস্থিত রিপন নিটওয়্যারের শ্রমিকরা নাইট বিল ও বার্ষিক ছুটির পাওনা পরিশোধের দাবিতে কর্মবিরতি ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। গাজীপুর শিল্পাঞ্চল গার্মেন্টস ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম বলেন, 'বকেয়া মজুরির দাবিতে প্রায় প্রতিদিনই কোনো না কোনো কারখানার শ্রমিকরা সড়কে নেমে মিছিল ও বিক্ষোভ করছেন। সময়মতো বেতন-বোনাস পরিশোধ নিশ্চিত করা না গেলে পরিস্থিতি আরো জটিল হয়ে উঠতে পারে।' প্রকাশিত খবরে জানা যায়, ঈদ-পূর্ব পরিস্থিতি স্বাভাবিক রাখতে আগামী মঙ্গলবার ত্রিপক্ষীয় পরামর্শ কমিটির (টিসিসি) বৈঠক ডাকা হয়েছে। আশুলিয়া শিল্পাঞ্চল পুলিশের পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মনিনুল ইসলাম কালের কণ্ঠকে জানান, ঈদ বোনাস ও মজুরি পরিশোধ নিয়ে অনিশ্চয়তা বাড়ছে এবং কিছু কারখানার শ্রমিকরা এরই মধ্যে বিক্ষোভ প্রদর্শন করেছেন। পরিস্থিতি মোকাবেলায় মালিক ও শ্রমিক সংগঠনের নেতাদের সঙ্গে আলোচনা করা হয়েছে। এদিকে ঈদুল ফিতরের আগে শ্রমিকদের বেতন ও বোনাস পরিশোধে সম্ভাব্য আর্থিক চাপ মোকাবেলায় স্বল্প সুদে ঋণ (সফট লোন) ও বকেয়া নগদ প্রণোদনার অর্থ দ্রুত ছাড়ের দাবি জানিয়েছে বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)। এ বিষয়ে সংগঠনটি বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও অর্থমন্ত্রীর কাছে চিঠি পাঠিয়েছে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর প্রণোদনার অর্থ ছাড়ের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলার আশ্বাস দিয়েছেন এবং স্যালারি সাপোর্টের বিষয়টি অর্থ মন্ত্রণালয়ে উত্থাপনের পরামর্শ দিয়েছেন বলে জানিয়েছে বিজিএমইএ। বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেম মনে করেন, সময়মতো বেতন-বোনাস পরিশোধ নিশ্চিত করা না গেলে ঈদের আগে শিল্পাঞ্চলে অস্থিরতা বাড়তে পারে। তাই সম্ভাব্য সংকট মোকাবেলায় আগাম সমন্বিত উদ্যোগ নেওয়া জরুরি। গার্মেন্টস শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সভাপতি মোহাম্মদ শাহজাহান কালের কণ্ঠকে বলেন, 'এ অঞ্চলের (আশুলিয়া) অনেক কারখানার শ্রমিক ঈদের আগে মজুরি ও বোনাস পাওয়া নিয়ে উদ্বেগে রয়েছেন।' আমরা মনে করি, এমন পরিস্থিতিতে সরকার, মালিক ও শ্রমিক পক্ষকে একত্র হয়ে সংকট মোকাবেলায় দ্রুত কাজ করতে হবে। পাশাপাশি বিজিএমইএর সদস্য নয়, এমন কারখানাগুলোর বেতন-ভাতা পরিস্থিতিও পর্যবেক্ষণে রাখতে হবে।

রমজানের শিক্ষা: আমানতদারি

সম্পদ, কথা কিংবা দায়িত্ব আমানত রক্ষা করাই হলো রমজানের প্রকৃত দাবি। পবিত্র কুরআনের সূরা নিসার ৫৮ নম্বর আয়াতে আল্লাহ তাআলা নির্দেশ দিয়েছেন, নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিচ্ছেন আমানতসমূহ তার হকদারদের কাছে পৌঁছে দিতে।" রমজান আমাদের শেখায় যে, ফাঁকি দেওয়া বা প্রতারণা করা একজন প্রকৃত রোজাদারের কাজ হতে পারে না। রাসুলুল্লাহ (সা.) আমানতদারির গুরুত্ব দিতে গিয়ে অত্যন্ত কঠোরভাবে ইরশাদ করেছেন, যার মধ্যে আমানতদারি নেই, তার মধ্যে ইমান নেই (মুসনাদে আহমাদ: ১২৩৮৭)। কর্মক্ষেত্রে ফাঁকি না দেওয়া, ব্যবসায় ওজনে কম না দেওয়া কিংবা অন্যের গচ্ছিত সম্পদ ও গোপনীয়তা রক্ষা করা সবই এই আমানতদারির অন্তর্ভুক্ত। সিয়ামের এই মাস আমাদের সেই চারিত্রিক সততা অর্জনের সুযোগ দেয়, যেখানে ব্যক্তিগত লাভ-ক্ষতির চেয়ে আল্লাহর সন্তুষ্টি বড় হয়ে দাঁড়ায়। যদি আমরা রমজানের এই শিক্ষা ব্যক্তিজীবনে ধারণ করতে পারি এবং সকল কাজে সততা ও আমানতদারি নিশ্চিত করতে পারি, তবেই আমাদের সমাজ দুর্নীতিমুক্ত ও ইনসাফপূর্ণ হবে এবং আমাদের ইবাদত আল্লাহর দরবারে সার্থকতা পাবে।

লেখক বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং

বাড়ানো হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৩১ মার্চ পর্যন্ত তারা দায়িত্ব পালন করতে পারবেন। সোমবার (২ মার্চ) শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। এতে সই করেছেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব শিরীন আক্তার। নির্দেশনায় বলা হয়েছে, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতির দায়িত্ব পালনের মেয়াদ আগামী ৩১ মার্চ পর্যন্ত বৃদ্ধির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সঙ্গে দায়িত্বপ্রাপ্ত সভাপতির স্বাক্ষরে বেতনের সরকারি অংশের (এমপিও) সঙ্গে স্কুল বা কলেজ ফান্ড হতে প্রদত্ত বেতন ভাতাদির প্রাপ্ত অংশের বিল প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিষ্ঠানের নিয়মিত বা অ্যাডহক কমিটি গঠনের বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে বলেও নির্দেশনায় উল্লেখ করেছে শিক্ষা মন্ত্রণালয়।

প্রধানমন্ত্রী প্রাতিষ্ঠানিকভাবে চলতে

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। সোমবার (২ মার্চ) সচিবালয়ের গণমাধ্যম কেন্দ্রে সচিবালয় কাভার করা সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ মতবিনিময়' অনুষ্ঠানে এ কথা বলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। মন্ত্রী বলেন, প্রত্যেকটি গণমাধ্যম সচিবালয়ের জন্য যদি নির্দিষ্ট প্রতিনিধি পাঠায়, প্রত্যেকটি গণমাধ্যম যদি তার দায়িত্ব পালন করতে পাঠায় এবং যদি সচিবালয়ে প্রবেশাধিকারটা যদি গণমাধ্যমের মিডিয়া হাউসের মাধ্যমে ঠিকঠাক করা হয়, তাহলে একদিকে চাপও কমলো আর অন্যদিকে আপনাদের পেশাগত দায়িত্ব পালন করা (সহজ হলো)। এর বাইরে যারা অন্যান্যভাবে প্রয়োজন পড়ে তারা অন্য সময় বা অন্য কাজে আসলেন। কিন্তু গণমাধ্যমের কাজ করার জন্য যাতে তার নিজের মিডিয়া হাউস থেকেই তিনি যেন এই এখতিয়ারটা পান। আমাদেরও তখন হিসাব করতে সুবিধা হবে যে সচিবালয়ে প্রবেশ করার জন্য আজকে কোন মিডিয়া হাউস কয়জনকে পাঠিয়েছে।' তিনি বলেন, 'আমরাও একটা ডাটাবেজ মেইনটেইন করতে পারব। কারণ কোনো দুর্ঘটনা ঘটলে তখন আবার একটা জবাবদিহিতার ব্যাপার থাকে। কয়জন ভিজিটর ঢুকছে, কে কে ঢুকছে, কে ঢোকে নাই, বাইরের লোক কে আসছে? তো তখন আবার একটা ইনভেস্টিগেটিভ সিস্টেমের মধ্যে ঢুকতে হয়। ফলে ওদেরকে আবার ওইটা সিকিউরড করতে হয়। তো আমি একটা প্রাথমিক ধারণা দিয়ে রাখলাম যে, আমরা এই বিষয়টাতে এন্ট্রির বিষয়টাতে আমরা মিডিয়া হাউসকে টার্গেট করে এক বা একাধিক কার্ডের মাধ্যমে এটা সমাধান করার চেষ্টা করবো। আর যত দ্রুত সম্ভব এটা করবো।' 'অ্যাক্রেডিটেশন কার্ডটা নিয়ে আমাদের যে কমিটি, তাদের সঙ্গে আমি কথা বলে দেখেছি যে নীতিমালার ভিত্তিতে এগুলো করা দরকার, সারা দেশেই তো কোনো নীতিমালা চর্চা হয়নি।' তথ্যমন্ত্রী বলেন, 'আবার আমাদের মাননীয় প্রধানমন্ত্রী সমস্ত বিষয়ে এত বেশি প্রাতিষ্ঠানিকভাবে চলতে চাচ্ছেন যে, আমাদেরকে সব সময় খেয়াল রাখতে হচ্ছে যে আমাদের লোকও যেন কোনো বেনিফিট যাতে না নিতে পারে। ফলে অ্যাক্রেডিটেশনের পুরো ব্যাপারটিকেই আমরা নীতিমালাটাকে আরও অনেক বেশি প্রয়োগযোগ্য করব এবং অবশ্যই এটা আপনাদের সঙ্গে কথাবার্তা বলেই করব।' জহির উদ্দিন স্বপন বলেন, 'যদি এরকম কোনো ব্যত্যয় ঘটে থাকে তাহলে সেখানে আমরা সংশোধন আনব। আর যদি কোথাও দেখা যায় যে অন্যায়ভাবে কেউ বাদ পড়ে গিয়েছে, তাকে আমরা নীতিমালার আওতায় অ্যাক্রেডিটেশন কার্ডের সুবিধা দেওয়ার উদ্যোগ নেব।' বিএসআরএফ সভাপতি মাসউদুল হকের সভাপতিত্বে মতবিনিময় অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক উবায়দুল্লাহ বাদল।

প্রধান বিরোধী দল হিসেবে

জামায়াতে ইসলামীকে সরকারের পক্ষ থেকে মৌখিক ও সাক্ষাতে অফার করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। সোমবার (২ মার্চ) দুপুর ২টার দিকে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক শেষে বের হয়ে সাংবাদিকদের একথা বলেন তিনি। জাতীয় সংসদে ডেপুটি স্পিকার পাচ্ছে কোন দল? জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ঐকমত্যের ভিত্তিতে জুলাই সনদ স্বাক্ষরিত হয়েছে। রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে জুলাই জাতীয় সনদের প্রতি সম্মান দেখিয়ে আমরা এখন থেকে তা বাস্তবায়ন শুরু করতে চাই। সেজন্য আমরা আমাদের দলের পক্ষ থেকে প্রধান বিরোধী দলকে মৌখিক ও সাক্ষাতে অফার করেছি যে তারা যেন ডেপুটি ঠিক করেন এবং স্পিকার নির্বাচনের দিনই যেন ডেপুটি স্পিকার নির্বাচিত হতে পারে। তাহলে কি এবারই উচ্চকক্ষ গঠিত হচ্ছে? জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, এটা আলাপ-আলোচনার বিষয়। তবে আমরা ডেপুটি স্পিকার দেওয়ার বিষয়টি এখন অফার করতেই পারি। যদিও চাইলে সরকারি দল স্পিকার ও ডেপুটি স্পিকার দুটোই নিতে পারে। তবে জুলাই জাতীয় সনদ অনুযায়ী ডেপুটি স্পিকার একজন বিরোধী দল থেকে হবেন। সেটা আমরা এখনই গুড উইল হিসেবে অফার করেছি।

গণভোটের ফল বাতিল

সনদ (সংবিধান সংস্কার ও বাস্তবায়ন অধ্যাদেশ-২০২৫)' ঘোষণাপত্র বাতিল চেয়ে দায়ের করা রিটের শুনানি শেষ হয়েছে। এ বিষয়ে আদেশ ঘোষণার জন্য মঙ্গলবার (৩ মার্চ) দিন নির্ধারণ করেছেন হাইকোর্ট। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে সোমবার (২ মার্চ) হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি মে. আনোয়ারুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা চ্যালেঞ্জ ও ১৩ ফেব্রুয়ারি ঘোষিত গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রিটে জুলাই সনদ ঘোষণপত্র বাতিল চাওয়া হয়েছে। রিটে প্রধান নির্বাচন কমিশনার, মন্ত্রিপরিষদ সচিব, আইন মন্ত্রণালয়ের সচিবকে বিবাদী করা হয়েছে। গত ১৭ ফেব্রুয়ারি হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম আতাউল মজিদ তৌহিদ জনস্বার্থে এ রিট দায়ের করেন। রিটে উল্লেখ করা হয়, গণভোট প্রক্রিয়ায় বিভিন্ন ধরনের অনিয়ম ও বিধি লঙ্ঘন হয়েছে। এসব কারণে গণভোটের ফলাফল যথাযথ ও বৈধ নয় বলে দাবি করা হয়। রিটকারীর দাবি, হাইকোর্ট যেন গণভোটের ফলাফল বাতিল করে দেন এবং নির্বাচনি প্রক্রিয়াকে পুনর্বিবেচনার নির্দেশ দেন। আইনজীবী তৌহিদ বলেন, রাজনৈতিক ও সামাজিক স্বার্থে এ রিট দায়ের করা হয়েছে। জনগণের সুষ্ঠু ও ন্যায্য গণভোটের অধিকার সুরক্ষিত রাখতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, গণভোট প্রক্রিয়া যদি অনিয়মমুক্ত না হয়, তবে তার ফলাফলও বৈধ বলে গণ্য হতে পারে না। রিটে নির্বাচন কমিশনকে এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়ার আবেদন জানানো হয়েছে। পাশাপাশি প্রক্রিয়াগত ত্রুটি ও অনিয়মগুলো বিবেচনায় নিয়ে গণভোটের ফলাফল পুনর্মূল্যায়নের ব্যবস্থা গ্রহণেরও আহ্বান করা হয়েছে। রিটে আরও উল্লেখ করা হয়, ভোটগ্রহণ ও ফলাফল ঘোষণার পুরো প্রক্রিয়ায় স্বচ্ছতা ও ন্যায্যতা নিয়ে গুরুতর প্রশ্ন উঠেছে।

মাদক কেনার টাকা না পেয়ে

ছিলেন। অভিযুক্ত শাতিল শরীফ একই গ্রামের শাহিন শরীফের ছেলে। তিনি মাদক কেনার টাকা চেয়ে না পেয়ে হাফেজ হাবিবুল্লাহ ও তার মেয়ে কলেজছাত্রী ফাতিহাকে পিটিয়ে আহত করেছিলেন বলে দাবি নিহতের পরিবারের। মুলাদী থানার পরিদর্শক (তদন্ত) মোমিন হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। আহত ফাতিহা জানান, শুক্রবার সকাল পৌনে ১০টার দিকে একই এলাকার শাতিল তাদের বাড়িতে যান। ওই সময় তার বাবা হাফেজ হাবিবুল্লাহ বাড়িতে ছিলেন না। শাতিল বারান্দার সামনে দাঁড়িয়েই ফাতিহার কাছে ভাত খেতে চান। ওই সময় ফাতিহা তাকে গরুর মাংস দিয়ে ভাত দিলে তিনি বারান্দায় বসে পড়েন। সকাল ১০টার দিকে হাফেজ হাবিবুল্লাহ বাড়িতে ফিরে শাতিলকে বারান্দায় বসে ভাত খেতে দেখলে তাকে ঘরের মধ্যে টেবিলে বসে খাওয়ার অনুরোধ করে। শাতিল ঘরের মধ্যে প্রবেশ করেই গরুর মাংস দিয়ে ভাত খাবে না জানিয়ে ডিম ভাজি দিতে বলেন। ফাতিহা ডিম ভাজি করতে গেলে শাতিল মাদক কেনার জন্য হাবিবুল্লাহর কাছে টাকা চান। হাবিবুল্লাহ টাকা দিতে অস্বীকৃতি জানালে শাতিল ক্ষিপ্ত হয়ে লাঠি দিয়ে পিটিয়ে তাকে মারাত্মক আহত করেন। বাবার ডাক-চিৎকারে ফাতিহা তাকে রক্ষা করতে গেলে শাতিল তাকেও পিটিয়ে আহত করে চলে যান। পরে স্থানীয়রা হাবিবুল্লাহ ও ফাতিহাকে উদ্ধার করে ওই দিনই বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে হাবিবুল্লাহর অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজে পাঠান চিকিৎসকরা। সেখানে সোমবার ভোরে তার মৃত্যু হয়। এ ব্যাপারে মুলাদী থানার পরিদর্শক (তদন্ত) মোমিন হোসেন বলেন, গত শুক্রবার সকালে মাদকসেবীর হামলায় হাফেজ হাবিবুল্লাহ ও তার মেয়ে আহত হয়েছিলেন। রোববার ভোররাতে হাবিবুল্লাহর মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন তার মেয়ে ফাহিতা। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

বাউফলে ক্ষতিগ্রস্ত মন্দির

মতো ন্যাক্কারজনক ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে।" তিনি মন্দির সংস্কারসহ প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। উপস্থিত সকলকে উদ্দেশ্য করে এই নব নির্বাচিত সংসদ সদস?্য আরও বলেন, যে বাগানে ফুল থাকে সে বাগানে দুই একটা হুতুম প্যাঁচাও থাকে। সেই হুতুম পেঁচা বাগানকে নষ্ট করার চেস্টা করে। সে কারনে বাগানের মালীকে সতর্ক থাকতে হয়। সমাজে ভাল মন্দ মানুষ থাকবেই। তবে মন্দ লোকের সংখ্যা কম। আমরা সেই মন্দ লোককে খুঁজে বের করে আইনের আওতায় নিয়ে আসা হবে।

ইন্দুরকানীতে আ.লীগ নেতা

নেতৃত্ব দিলেও পুরো উপজেলাব্যাপী তার বিস্তার রয়েছে। জিয়ানগর থানার দায়িত্বে থাকা এসআই মো. সাইদুর রহমান জানান, আ. আজিজ হাওলাদারের বিরুদ্ধে হত্যাসহ একাধিক নাশকতার মামলা রয়েছে। গ্রেপ্তারের পর তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানোর প্রক্রিয়া চলছে।

চিফ হুইপ হলেন বরগুনার

রাষ্ট্রপতির আদেশক্রমে এসব নিয়োগ অবিলম্বে কার্যকর হবে। নবনিযুক্ত চিফ হুইপ ও হুইপরা আগামীকাল মঙ্গলবার শপথ নিতে পারেন। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি। ঘোষিত ফলাফলে দেখা যায় দলটি দুই তৃতীয়াংশেরও বেশি আসনে বিজয়ী হয়। গত ১৭ ফেব্রুয়ারি সংসদ সদস্য ও মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠিত হয়। আগামী ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে। সংবিধান অনুসারে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ভাষণ দেবেন।

চাঁদা না দেয়ায় ঠিকাদারকে পিটিয়েছে

অস্বীকৃতি জানালে কাজ বন্ধ রাখতে বলেন। বিকেল ৪টার দিকে একটি গ্রিল ঝালাইয়ের দোকানে নেওয়ার সময় জহির ও শামিম তাঁর পথরোধ করেন এবং টাকা না দেওয়ার কারণ জানতে চান। ইসরাফিল ছোট কাজের জন্য কোনো টাকা দিতে পারবেন না জানালে দুজন তাঁকে এলোপাতাড়ি কিল-ঘুষি মারেন। মারধরে ঠিকাদারের সহযোগী সাব্বির হাসান আহত হন। পরে আশপাশের লোকজন তাঁদের উদ্ধার করে মুলাদী হাসপাতালে ভর্তি করেন। এ ব্যাপারে জানতে চাইলে ইউএনওর গাড়িচালক মো. জহির উদ্দীন বলেন, ঠিকাদার কোয়ার্টারে কাজ করার সময় নারীদের সঙ্গে অশালীন ব্যবহার ও অশ্লীল ভাষা ব্যবহার করেছেন। তাই তাঁকে জিজ্ঞাসা করা হয়েছে। তিনি বিষয়টি ভিন্ন খাতে নিতে চাঁদা ও মারধরের মিথ্যা অভিযোগ করে থাকতে পারেন। মুলাদী থানার পরিদর্শক (তদন্ত) মো. মমিন হোসেন বলেন, দুই সরকারি কর্মচারীর বিরুদ্ধে ঠিকাদার অভিযোগ করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এ ব্যাপারে মুলাদীর সহকারী কমিশনার (ভূমি) পরাগ সাহা বলেন, 'আমার গাড়িচালকের সঙ্গে ঠিকাদারের ঝামেলার বিষয়ে জানা নেই। তবে উপজেলা নির্বাহী কর্মকর্তার গাড়িচালকের সঙ্গে এক ঠিকাদারের ঝগড়া ও থানায় লিখিত অভিযোগের বিষয়ে শুনেছি। এ বিষয়ে আমার কাছে কেউ লিখিত অভিযোগ দেননি। অভিযোগ পেলে এবং ঘটনার সঙ্গে গাড়িচালক শামিম হোসেনের সংশ্লিষ্টতার প্রমাণ পেলে ব্যবস্থা নেওয়া হবে।' ইউএনও মো. গোলাম সরওয়ার বলেন, 'আমি ছুটিতে রয়েছি। ঠিকাদারের কাছে সরকারি কর্মচারী কিংবা অন্য কারও চাঁদা দাবি করার সুযোগ নেই। বিষয়টি প্রমাণিত হলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।'

বিএনপি-জামায়াত সেজে শেবাচিমে

বাপ্পি, আল মামুন রাব্বি, সিদ্দিকুর রহমান, মনিরুল ইসলাম সহ আরো অনেকে। বিগত দিনে নানা অপকর্মে জড়িত ছিল তারা। বার বার ধরা খেলেও তৎকালী স্বাস্থ্য কমিটির সভাপতি আবুল হাসানত আবদুল্লাহ এবং সিটি মেয়র সাদিক আবদুল্লাহর হস্তক্ষেপে পার পেয়ে যেত। আওয়ামী পরিচয় ব্যবহার করে অনেকে হয়েছেন ধনকুবের মালিক। এদের মধ্যে অন্যতম বিতর্কিত ওয়ার্ড মাস্টার মশিউল আলম মল্লিক ওরফে ফেরদৌস অক্সিজেন সিলিন্ডার চুরি, ডিসপেন্সরী থেকে ৩০ লক্ষাধিক টাকার ঔষধ চুরি, অবৈধ সুবিধা নিয়ে আউটসোর্সিং নিয়োগসহ নানা কান্ডে আলোচিত। তাছাড়া বরিশাল সিটি করপোরেশনের সাবেক (ফাসিস্ট) মেয়র ও মহানগর আ.লীগের সেক্রেটারি সাদিক আবদুল্লাহর বিশ্বস্ত লাঠিয়াল ছিলেন তিনি। জুলাই বিপ্লবের পর ভোল পাল্টে এখন পুরো হাসপাতালের চার্জ নিয়ে টাকা কামাচ্ছেন দু'হাতে। ফেরদৌসের অন্যতম সহযোগী তাইজুল ছিটকে পড়লেও ফেরদৌস এখনো রয়েছে দুধে-ভাতে। হাসপাতাল সূত্রে জানা গেছে, ২০০৭ সালের ১ মার্চ হাসপাতলের ঔষধ চুরির সময় হাতেনাতে ওয়ার্ড মাস্টার ফেরদৌসকে আটক করে যৌথবাহিনী। এরপরে শেবাচিমের তৎকালীন উপ-পরিচালক ডাঃ সুভাস দাশ কোতয়ালী থানায় একটি এজাহার দাখিল করেন। যার নং ৩২৫৯/০৭। সেখানে ফেরদৌসের বিরুদ্ধে বিভিন্ন সময়ে প্রায় ৩০ লক্ষাধিক টাকার ঔষধ চুরির কথা উল্লেখ করা হয়। পরবর্তিতে জেলা আ.লীগের সভাপতি আবুল হাসানাত আবদুল্লাহর হস্তক্ষেপে সেসব অভিযোগ গিলে ফেলে ফেরদৌস। এদিকে ২০২১ সালে করোনা ওয়ার্ড থেকে ১০০ অক্সিজেন সিলিন্ডার চুরির অভিযোগ ওঠে ফেরদৌসের বিরুদ্ধে। তখন তৎকালীন সহকারী পরিচালক ডা. মনিরুজ্জামান শাহীনকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি করা হয়। সেই কমিটি তদন্তকালে ফেরদৌসের সরাসরি সম্পৃক্ততা পেলে বিসিসির তৎকালীন মেয়র সাদিকের হস্তক্ষেপে সেই তদন্ত আলোর মুখ দেখেনি। এসব নানা অপকের্মর প্রেক্ষিতে ওয়ার্ড মাস্টার ফেরদৌসকে মন্ত্রণালয় থেকে একাধিকবার অন্যত্র বদলীর আদেশ দিলেও সাদিক আবদুল্লাহ তার পিতাকে দিয়ে সেসব বদলি অর্ডার বাতিল করান। সাদিকের জন্মদিন পালন, বিসিসি নির্বাচন কালীন সময়ে দিনরাত ডিউটি ফেলে সাদিকের নির্বাচনী প্রচারণায় ব্যস্ত ছিল ফেরদৌস। জুলাই আন্দোলনে ছাত্র জনতা দমনে সাদিক ও সাজ্জাদ সেরনিয়াবাতের সাথে হামালায় সরাসরি অংশ নেয় ফেরদৌস। ৩ আগস্ট চৌমাথা এলাকায় বিএনপি নেতা জিয়া শিকদারের উপর হামলার ঘটনায়ও সাজ্জাদ সেরনিয়াতাবাতের সাথেই ছিল ফেরদৌস ও তার ছেলে ১২ নং ওয়ার্ড ছাত্রলীগের যুগ্ম আহবায়ক আব্দুল্লাহ আল প্রিন্স। জনমনে প্রশ্ন উঠেছে, এসব দাগী ও ফ্যাসিস্ট আওয়ামীলীগার এখনও শেবাচিম হাসপাতালের গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকে কিভাবে? এ ব্যাপারে ওয়ার্ড মাস্টার মশিউল আলম ফেরদৌস বলেন, আমাকে আটক করেছে যৌথ বাহিনী এটা সত্য। আমি সেই মামলায় খালাস পেয়েছি। এছাড়া আমার বিরুদ্ধে যেসব অভযোগ আনা হয়েছে তা মিথ্যা। তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধান করারও অনুরোধ জানান। এ বিষয়ে ডক্টর এসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) বরিশাল জেলা কমিটির সাধারণ সম্পাদক ও শেবাচিম হাসপাতালের সহকারি পরিচালক ডা. আব্দুল মোনেম সা'দ বলেন, ওয়ার্ড মাস্টার মশিউল আলম ফেরদৌস এর বিরুদ্ধে অভিযোগ পেলে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে। এ ব্যাপারে শেবাচিম হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. একেএম মশিউল মুনীর বলেন, এ ধরনের অভিযোগ আমিও শুনছি। বিতর্কিত কয়েকজনকে ডিউটিস্থল পরিবর্তন করেও দিয়েছি। হাসপাতালে জনবল সংকট থাকায় এসব লোক দিয়েই সার্ভিস চালাতে হচ্ছে। ডিজি হেলথ থেকে যদি লোক পরিবর্তন করে দেয় তাহলে সার্ভিস আরো ভালো করা সম্ভব।

অ্যাড. লিংকনসহ ১১ আইনজীবীর

এজলাসের হামলার সময়ে তিনি বিচারকের দিকে তাকিয়ে বলেন, 'তুই নাম, তুই এজলাসে কেন? পুলিশের জিআরও শম্ভুকে বলেন, শম্ভু তুই বাড়াবাড়ি করে ফেলেসিস। কোর্ট থেকে বের হ'। বিচারকের উদ্দেশে অভিযুক্ত আইনজীবী মিজান বলেন, 'এই থো মামলা, এই থন আপনি'। প্রসঙ্গত, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বরিশাল জেলা সাধারণ সম্পাদক ও সাবেক এমপি তালুকদার মো. ইউনুস গত সোমবার অতিরিক্ত মহানগর ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে জামিন নেন। তাঁকে জামিন দেওয়ার প্রতিবাদে বিএনপিপন্থী আইনজীবীরা মঙ্গলবার আদালত বর্জন ও বিক্ষোভ করেন। ওই দিন বেলা আড়াইটার দিকে সভাপতি লিংকনের নেতৃত্বে ১০-১২ জন আইনজীবী অতিরিক্ত মহানগর ম্যাজিস্ট্রেটের এজলাসে ঢুকে হট্টগোল করে বিচার কার্যক্রম বন্ধ করে দেন। বুধবার দুপুর ১২টার দিকে আইনজীবী সমিতির মূল ভবনের চেম্বার থেকে লিংকনকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। তাঁকেসহ বিএনপিপন্থী ১২ জন সিনিয়র আইনজীবীর বিরুদ্ধে দ্রুত বিচার আইনে মামলা করেছেন অতিরিক্ত ম্যাজিস্ট্রেট আদালতের বেঞ্চ সহকারী (পেশকার) রাজিব মজুমদার। এর প্রতিবাদে বৃহস্পতিবার থেকে আইনজীবীরা অনির্দিষ্টকাল ধর্মঘট শুরু করে।

মধ্যপ্রাচ্যে হামলায় দুই

নিয়েছে। নিহত বাংলাদেশিদের মধ্যে সংযুক্ত আরব আমিরাতের আজমানে মারা যাওয়া সিলেটের বড়লেখার বাসিন্দা সালেহ আহমেদ রয়েছেন। তিনি নাগরিক স্থাপনায় আকাশ থেকে নেমে আসা ধ্বংসাবশেষে আঘাতপ্রাপ্ত হয়ে প্রাণ হারিয়েছেন। এছাড়া, বাহরাইনে আরও একজন বাংলাদেশি নিহত হয়েছেন। একই ঘটনায় আহত হয়েছেন তিনজন। বাংলাদেশ দূতাবাস সংযুক্ত আরব আমিরাত ও মানামায় স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছে। বাণিজ্যিক ফ্লাইট পুনরায় চালু হলে তাদের মরদেহ দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে। কুয়েতে চারজন বাংলাদেশি ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরের আমিনুল ইসলাম, পাবনার সাথিয়ার রবিউল ইসলাম, নোয়াখালীর বেগমগঞ্জের মাসুদুর রহমান ও কুমিল্লার চান্দিনার দুলাল মিয়া ড্রোন হামলায় আহত হয়েছেন। জানা গেছে, তারা প্রয়োজনীয় চিকিৎসাসেবা গ্রহণ করেছেন এবং বর্তমানে স্থিতিশীল অবস্থায় রয়েছেন। কুয়েত দূতাবাস নিয়মিত তাদের সঙ্গে যোগাযোগ রাখছে এবং দূত নিজেও হাসপাতালে দেখা করেছেন। এছাড়া, বাংলাদেশ শিপিং করপোরেশনের জাহাজ 'বাংলার জয়যাত্রা' বর্তমানে সংযুক্ত আরব আমিরাতের জেবেল আলি বন্দরে অবস্থান করছে। দূতাবাস জাহাজের ক্যাপ্টেনের সঙ্গে যোগাযোগ রাখছে এবং সব ক্রু সদস্য নিরাপদ রয়েছেন। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়ার বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করছে সরকার। মধ্যপ্রাচ্যে বসবাসরত ছয় মিলিয়নেরও বেশি বাংলাদেশির নিরাপত্তা ও সুরক্ষা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। সংশ্লিষ্ট দেশের দূতাবাসগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে যেন প্রবাসীরা সতর্ক থাকেন এবং স্থানীয় সরকারের নির্দেশনা মেনে চলেন।

যুদ্ধের আগুনে দেশের অর্থনীতি জ্বলতে পারে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের মাটি থেকে প্রায় সাড়ে ৫ হাজার কিলোমিটার দূরে মধ্যপ্রাচ্যের আকাশে নতুন করে বারুদের গন্ধ। ইরান-ইসরায়েল-মার্কিন যুদ্ধে পুড়ছে পারস্য উপসাগরীয় ও ভূমধ্যসাগরীয় অঞ্চলের বেশ কয়েকটি দেশ। হামলা-পাল্টা হামলায় হতাহতের ঘটনা ঘটেছে কয়েকশ। নিহত হয়েছেন ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি। বন্ধ করা হয়েছে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্যপথ হরমুজ প্রণালি। যুদ্ধের গতি বাড়ানোর ঘোষণা এসেছে উভয়পক্ষ থেকেই। বিশেষজ্ঞরা বলছেন, বিশ্ব রাজনীতির এক অস্থিরতম অধ্যায়ে পরিণত হয়েছে মধ্যপ্রাচ্য। এখানকার সংঘাত বৈশ্বিক অর্থনীতির গতিপথকে বদলে দিতে পারে। মধ্যপ্রাচ্যের কালো ধোঁয়া সারা বিশ্বকে আবার ভাবিয়ে তুলেছে। ইরান ও ইসরায়েলের মধ্যকার চলমান সংঘাত দীর্ঘমেয়াদি রূপে ছড়াতে থাকলে দক্ষিণ এশিয়ার মতো দূরবর্তী অঞ্চলেও এর বহুমাত্রিক প্রভাব পড়বে। বাংলাদেশ যদিও সরাসরি এই যুদ্ধের অংশ নয়; তবুও অর্থনৈতিক ও মনস্তাত্ত্বিক দিক থেকে বেশ কিছু ঝুঁকির মুখোমুখি হওয়ার আশঙ্কা রয়েছে। যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে এর প্রভাবও পড়তে পারে দীর্ঘমেয়াদি। প্রত্যক্ষ প্রভাবের চেয়ে যুদ্ধের পরোক্ষ প্রভাব পড়তে পারে আরও বেশি। দেশের সামষ্টিক অর্থনীতিকে অস্থিতিশীল করে তুলতে পারে এই যুদ্ধ। তারা আরও বলছেন, এমনিতেই বাংলাদেশের অর্থনীতি এক ভঙ্গুর অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। করোনার ধাক্কা কাটিয়ে উঠতে না উঠতেই ধাক্কা লাগে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের। এরই মধ্যে বিগত ফ্যাসিস্ট সরকারের লুটপাট আর অর্থ পাচারের ফলে দেশের অর্থনীতি তলানিতে। এক বিশেষ পরিস্থিতির মধ্য দিয়ে ক্ষমতার পালাবদলের পর এখনো অর্থনীতিতে গতি ফেরেনি। বিদেশি ঋণের ফাঁদ আর মূল্যস্ফীতির চাপে অর্থনীতি রয়েছে বড় ধরনের ঝুঁকির মুখে। অর্থনৈতিক এই টানাপোড়েনের মধ্যেই নতুন সরকার ক্ষমতা নেওয়ার শুরুতেই আবার শুরু হলো মধ্যপ্রাচ্যে যুদ্ধ। যুদ্ধের স্থায়িত্ব যত বেশি হবে, তার প্রভাব ততই বাড়তে থাকবে। বিশেষ করে, আমদানি-রপ্তানি বাণিজ্য, জ্বালানি তেল, রেমিট্যান্স প্রবাহ, বিমান পরিবহন, শেয়ার বাজারে এর প্রভাব পড়বে অনেক বেশি। অন্যদিকে যুদ্ধের কারণে ডলারের দাম বেড়ে গেলে সার্বিক আমদানি-রপ্তানি বাণিজ্যে টালমাটাল পরিস্থিতির তৈরি হবে। যুদ্ধের এসব প্রভাব ভাবিয়ে তুলছে সরকারসহ দেশের মানুষকে। রোববার সকালে প্রধানমন্ত্রী তারেক রহমান প্রবাসীদের নিরাপত্তা ও সার্বিক বিষয়ে খোঁজখবর নিয়েছেন সরকারের দায়িত্বশীলদের কাছ থেকে। সচিবালয়ে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান ও প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির তার সঙ্গে বৈঠক করেছেন। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুও প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন। বৈঠক থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ূন কবির বলেন, 'বাংলাদেশে জ্বালানি নিয়ে আপাতত শঙ্কিত হওয়ার কিছু নেই। মধ্যপ্রাচ্যে অবস্থানরত বাংলাদেশিরাই এখন সরকারের অগ্রাধিকার। বিশেষ করে বিমানবন্দরে অপেক্ষমাণ যাত্রীদের সহায়তা দেওয়া হচ্ছে।' মধ্যপ্রাচ্যের এ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশের ওপর সম্ভাব্য প্রভাব, বিশেষ করে জ্বালানি সংকটসহ বিভিন্ন বিষয়ে কোনো নির্দেশনা আছে কি না এমন প্রশ্নের জবাবে হুমায়ূন কবির বলেন, 'এ মুহূর্তে আমাদের যে স্টক (মজুত) রয়েছে, তা নিয়ে তেমন কোনো অসুবিধা হবে না। তবে সংকটের সময় কিছু অস্বাভাবিকতা দেখা দিতে পারে। এ ধরনের সংকট আমরা আগেও দেখেছি। এনার্জি রিলেটেড (জ্বালানি-সম্পর্কিত) ক্ষেত্রে কিছু ফ্লাকচুয়েশন (ওঠানামা) হতে পারে, তবে এ বিষয়ে আমাদের প্রস্তুতি মোটামুটি ভালো।' তবে অর্থনীতিবিদ ও পুঁজিবাজার বিশেষজ্ঞ আবু আহমেদ বলেন, 'ইরানে হামলার পর আন্তর্জাতিক বাজারে সবচেয়ে বড় শঙ্কা তৈরি হয়েছে জ্বালানি তেল ঘিরে। মধ্যপ্রাচ্যের উত্তেজনায় যদি সরবরাহ বিঘ্নিত হয় বা হরমুজ প্রণালি ঝুঁকির মুখে পড়ে, তবে তেলের দাম দ্রুত বেড়ে যাবে। বাংলাদেশ যেহেতু শতভাগ আমদানিনির্ভর, তাই এ মূল্যবৃদ্ধির ধাক্কা সরাসরি এসে পড়বে দেশের উৎপাদন ও পরিবহন খাতে।' এই অর্থনীতিবিদ বলেন, 'তেলের দাম বাড়া মানেই সবকিছুর দাম বাড়া। ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় আরও অসহনীয় হয়ে উঠবে। মূল্যস্ফীতিকে আরও উসকে দিতে পারে। সবচেয়ে বড় ঝুঁকিটি তৈরি হবে বৈদেশিক লেনদেনের ভারসাম্যে। আমাদের ব্যালেন্স অব পেমেন্ট এমনিতেই আমাদের বিরুদ্ধে আছে। যুদ্ধ পরিস্থিতিতে তেলের দাম বাড়লে এ ঘাটতি আরও বিস্তৃত হবে। তেলের উচ্চমূল্যের কারণে ডলারের চাহিদা বাড়বে, ফলে টাকার ওপর চাপ তৈরি হবে। বিনিময় হার আরও অবনতির দিকে যেতে পারে, যা আমদানি ব্যয় ও ঋণ পরিশোধ দুটোকেই কঠিন করে তুলবে।' বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান বলেন, 'বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য এই যুদ্ধের প্রভাব সরাসরি এবং বহুমুখী হতে পারে। তবে এ সংকটের প্রভাব কতটা গভীর হবে, তা মূলত নির্ভর করবে যুদ্ধের স্থায়িত্ব এবং এর বিস্তৃতির ওপর। যুদ্ধ দ্রুত থেমে গেলে এর প্রভাব হয়তো খুব প্রকট হবে না। কিন্তু এটি দীর্ঘায়িত হলে বাংলাদেশ বেশ কিছু চ্যালেঞ্জের মুখে পড়বে। সম্ভাব্য সংকট মোকাবিলায় বেশকিছু পদক্ষেপ নেওয়া জরুরি। দেশের জ্বালানি নিরাপত্তা যাতে কোনোভাবেই বিঘ্নিত না হয়, সেদিকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে ।

ঋণ মওকুফ ও 'স্মার্ট কৃষক কার্ড' কীভাবে কাজ করবে

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশের আনুমানিক ১২ লাখ কৃষককে উপকৃত করতে সুদসহ সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ মওকুফ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গত বৃহস্পতিবার সচিবালয়ে অনুষ্ঠিত নতুন মন্ত্রিসভার প্রথম আনুষ্ঠানিক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিসভার সচিব নাসিমুল ঘনি বলেন, ক্ষমতাসীন দলের নির্বাচনি ইশতেহারে বিষয়টি ছিলো। ঋণ মওকুফ সুবিধা ফসল, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের কৃষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তিনি বলেন, "দরিদ্র কৃষকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত ও কৃষি খাতকে শক্তিশালী করাই এ সিদ্ধান্ত নেওয়া।" বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, কৃষি খাতে রাষ্ট্রায়ত্ত, বিশেষায়িত ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক মিলিয়ে সুদসহ বকেয়া ঋণের পরিমাণ প্রায় এক হাজার ৫৫০ কোটি টাকা। সিদ্ধান্তটি বাস্তবায়িত হলে প্রায় ১২ লাখ ক্ষুদ্র ঋণগ্রহীতা সরাসরি উপকৃত হবেন। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য পর্যালোচনা করে দেখা গেছে, সবেচেয় বেশি কৃষি ঋণ রয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে। অলাভজনক ব্যাংকটিতে ছয় লাখ ৬১ হাজার ৭৬৩ জন গ্রাহকের সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত ঋণ রয়েছে, যার মোট পরিমাণ ৬২৫ দশমিক ৪০ কোটি টাকা। কৃষি ঋণে দ্বিতীয় অবস্থানে রয়েছে সোনালী ব্যাংক। সরকারি এ ব্যাংকের দুই লাখ ১৫ হাজার ৯৩২ গ্রাহকের কৃষি ঋণ ৪১৩ কোটি টাকা। তালিকায় তৃতীয় অবস্থানে থাকা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের এক লাখ ৪৯ হাজার ৫৬৪ গ্রাহকের কাছে কৃষি ঋণ রয়েছে ১৪৮ দশমিক ৭৯ কোটি টাকা। জনতা, অগ্রণী, রুপালি, বেসিকসহ অন্যান্য ব্যাংকেও মওকুফ সুবিধার আওতায় যোগ্য গ্রাহক রয়েছেন। কর্তৃপক্ষ বলছেন, ঋণ মওফুকের এ সহায়তা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ওপর তাৎক্ষণিক আর্থিক চাপ হ্রাস করবে, যা তাদেরকে গুণগত মানসম্পন্ন বীজ, সেচ ও কৃষি যন্ত্রপাতিসহ প্রয়োজনীয় খাতে তহবিল পুর্ননির্দেশ করতে সক্ষম করবে। ঋণ মওকুফের পাশাপাশি সরকার স্মার্ট কৃষক কার্ড চালুর উদ্যোগ নিয়েছে। কৃষকদের ডিজিটালভাবে নিবন্ধন ও সহায়তা দেওয়ার জন্য টিসিবির ফ্যামিলি কার্ডের মডেলে এ কার্ড তৈরি। গত ২৩ ফেব্রুয়ারি তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, "এ উদ্যোগটি প্রথমে নির্বাচিত অঞ্চলে পাইলট প্রকল্প হিসেবে চালু করা হবে। পরে সারাদেশে সম্প্রসারণ করা হবে।" কার্ডটির লক্ষ্য হলো, কৃষকদের একটি সম্পূর্ণ ডিজিটাল ডেটাবেস তৈরি করা, যেখানে তাদের জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং মোবাইল ফোন সংযুক্ত থাকবে। এ কার্ডের মাধ্যমে কৃষকদের সরাসরি সুবিধা নিশ্চিত ও মধ্যস্বত্বভোগীদের হস্তক্ষেপ কমানো যাবে। তথ্যমন্ত্রী জানিয়েছিলেন, "এ স্মার্ট কার্ডের মাধ্যমে কৃষকরা সরাসরি ভর্তুকি, কৃষি ঋণ ও নগদ প্রণোদনা পাবেন। প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে এ প্রকল্পের কাজ দ্রুত করার নির্দেশ দিয়েছেন।" পরিকল্পনার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, কার্ডটিতে জমির আয়তন, ফসলের ধরণ এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যসহ একটি ডিজিটাল প্রোফাইল অন্তর্ভুক্ত থাকবে। কার্ডটিতে যেসব বৈশিষ্ট্যগুলো অন্তর্ভুক্ত হওয়ার আশা করা হচ্ছে: ১. ভর্তুকি ও প্রণোদনা সরাসরি ব্যাংক বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস অ্যাকাউন্টে স্থানান্তর। ২.ভর্তুকিপ্রাপ্ত সার, বীজ ও কীটনাশক সহজলভ্য করা। ৩.কৃষি ঋণ সহজ ও সুসংগঠিত করা। ৪. আবহাওয়া, উৎপাদন এবং বাজারের প্রবণতা সম্পর্কিত এসএমএসভিত্তিক আপডেট। কৃষি স্মার্ট কার্ডের নিবন্ধন ইউনিয়ন পর্যায়ে সহকারী কৃষি কর্মকর্তাদের (এসএএও) মাধ্যমে অথবা চালুর পর নির্ধারিত অনলাইন পোর্টালের মাধ্যমে সম্পন্ন করা হবে। স্মার্ট কৃষি কার্ড পেতে কৃষকদের বেশ কয়েকটি তথ্য প্রয়োজন হবে। সেগুলো হলো, ১. এনআইডির একটি কপি। ২. পাসপোর্ট সাইজের ছবি। ৩. রেজিস্ট্রেশন মোবাইল নাম্বার। ৪. জমির দলিল কিংবা ভাগে চাষিদের জন্য প্রমাণপত্র। ৫. ব্যাংক বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস অ্যাকাউন্ট নম্বর। কৃষি স্মার্ট কার্ড নিয়ে ইতোমধ্যে সতর্কতা জারি করেছে সরকার। কর্তৃপক্ষ বলছে, কার্ডটি বিনামূল্যে পাওয়া যাবে। কার্ডের জন্য কারো সঙ্গে কোনও প্রকার অর্থ লেনদেন করবেন না। নিজেদের নির্বাচনি ইশতেহারে কৃষকদের কৃষি ঋণ মওফুকের কথা জানিয়েছিল বিএনপি। সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত ঋণকে লক্ষ্য করে নীতিনির্ধারকরা বলছেন, এ পদক্ষেপ ক্ষুদ্র ঋণগ্রহীতাদের ওপর কেন্দ্রীভূত। এ পদক্ষেপে উৎপাদনে নতুন গতি পাবে বলে আশা করছেন কর্মকর্তারা। তাদের মতে, এর ফলে ঋণগ্রস্ত কৃষকেরা স্বল্পমেয়াদী সুরক্ষা পাবে। আর অর্থনীতিবিদদের মতে, স্থায়ী লাভ নির্ভর করবে সহায়ক সংস্কারগুলোর ওপর। যেমন, ন্যায্য মূল্য নির্ধারণ, ফসল বীমা এবং কম সুদে ঋণ। ঋণ মওকুফ ও স্মার্ট কৃষক কার্ড যৌথভাবে কৃষি খাতকে শক্তিশালী করে তুলবে। এতে লাভবান হবে নতুন সরকার।

ষাটোর্ধ্ব বৃদ্ধের বিরুদ্ধে ৯ বছরের

তিনি নাজিরপুর ইউনিয়নের ধানদী গ্রামের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। স্বজনরা জানায়, ভুক্তভোগী শিশুটি সম্পর্কে অভিযুক্ত লালু শাহের নাতনি। পড়াশোনার জন্য মায়ের সঙ্গে ধানদী গ্রামের নানা বাড়িতেই থাকে। শিশুর মা জানান, তার মেয়ে বিকালে খেলতে গেলে অভিযুক্ত লালু শাহ ভুল বুঝিয়ে নির্জন বসতঘরে নিয়ে ধর্ষণ করেন। একপর্যায়ে তার মেয়ের চিৎকারে স্থানীয় লোকজন টের পায় ও বিষয়টি জানাজানি হয়। পরে শারীরিক অবস্থার অবনতি হলে তাকে চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. মো. শাহরিয়ার আল কাইয়ুম বলেন, প্রাথমিক পরীক্ষার পর শারীরিক অবস্থা বিবেচনায় ফরেনসিক পরীক্ষার জন্য শিশুটিকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানোর পরামর্শ দেওয়া হয়েছে। বাউফল থানার ওসি (তদন্ত) মো. আতিকুল ইসলাম বলেন, খবর পাওয়ার পরপরই আমরা বাউফল স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে ভুক্তভোগীর পরিবারের খোঁজখবর নিয়েছি। ভুক্তভোগী শিশুকে ফরেনসিক পরীক্ষার জন্য পটুয়াখালী পাঠানো হয়েছে। ঘটনার পর থেকে অভিযুক্ত লালু শাহ পলাতক রয়েছে। তাকে গ্রেপ্তারের চেষ্টা চলছে এবং এ বিষয়ে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

কেজিতে ৩০ টাকা পর্যন্ত কমেছে

৪৫ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৩০ টাকা, ফুলকপি গত সপ্তাহে ১৫-২০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১২-১৫ টাকা, বাঁধাকপি গত সপ্তাহে ৮-১২ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৭-৮ টাকা, শসা গত সপ্তাহে ৬০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৩৫ টাকা, বেগুন গত সপ্তাহে ৫০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ২৫-৩০ টাকা, করলা গত সপ্তাহে ৫০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৩৫ টাকা, পেঁপে গত সপ্তাহে ৩০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১৫- টাকা, লাউ ২০-২৫ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো গত সপ্তাহে ৬০ টাকা পর্যন্ত বিক্রি হলেও এ সপ্তাহে ৩০ টাকা, গাজর ২৫ টাকা, কাঁচকলা ১২-১৪ টাকা ও লেবু গত সপ্তাহে ৮০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ৪০ টাকা হালি বিক্রি হচ্ছে। এদিকে পোর্ট রোড বাজার, বাংলাবাজার বাজার, সাগরদী বাজারসহ বেশ কিছু খুচরা বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ ১৬০-১৮০ টাকা, ফুলকপি ২০-২৫ টাকা, বাঁধাকপি ২০ টাকা, সিম ৫০-৫৫ টাকা, শসা ৫০-৫৫ টাকা, বেগুন ৪০-৪৫ টাকা, করলা ৫০ টাকা, পেঁপে ২৫-৩০ টাকা, লাউ ৩০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো ৫০ টাকা, গাজর ৪০ টাকা, কাঁচকলা ২৫ টাকা ও লেবু ৫০-৬০ টাকা হালি বিক্রি হচ্ছে। এছাড়া মাংসের বাজারে ব্রয়লার মুরগি গত সপ্তাহে ১৬০ টাকা বিক্রি হলেও এ সপ্তাহে ১৭০ টাকা বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৬০-২৭০ টাকা, লেয়ার মুরগি ২৫০-২৭০ টাকা দরে। গরুর মাংস ৭৫০-৭৮০ টাকা ও খাসির মাংস ১১৫০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে। অপরদিকে বিভিন্ন মাছ গত সপ্তাহের দামে বিক্রি হচ্ছে। এর মধ্যে রুই মাছ ৩০০-৪৫০ টাকা, টেংরা মাছ ৫০০-৬০০ টাকা, ঘেরের তেলাপিয়া ১২০-১৪০ টাকা, পাঙাশ মাছ ১৮০-২২০ টাকা, চিংড়ি প্রকারভেদে ৫৫০-৮৫০ টাকা, পাবদা ২৫০-৪০০ টাকা, মাঝারি ভেটকি ৪০০ টাকা। নগরীর বাংলাবাজারের খুচরা সবজি বিক্রেতা তৌহিদ জানান, এখন সব সবজির সরবরাহ স্বাভাবিক থাকায় দামও কমেছে। তবে পাইকারি বাজারের তুলনায় খুচরা সবজির দাম কিছুটা বেশি হবে। কারণ পাইকারি বাজার থেকে সবজি কিনে লেবার খরচ, ভ্যান ভাড়া দিয়ে সবজি আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হলে ইজারা, বিদ্যুৎ বিল দিতে হয়।

মেঘনা-তেঁতুলিয়ায় ইলিশ ধরায়

নিষেধাজ্ঞা মানতে গেলে আমাদের না খেয়ে থাকতে হবে। কারন, জেলে পেশা এবং মাছ ধরার উপর আমাদের জীবিকা। কিভাবে নিষেধাজ্ঞা সময় কাটাবো সে চিন্তায় দিশেহারা হয়ে পড়েছি। এদিকে, জেলেদের অনেকেই এনজিও থেকে ঋন আর ধারদেনা করে জাল নৌকা গড়েছেন তবে নিষেধাজ্ঞাকালিন সময় জেলে পুর্নবাসনের জন্য চাল বরাদ্দ হলে সে চাল পৌছানো অনেকের ভাগ্যে। তাই এনজিও কিস্তি পরিশোধ নিয়ে চরম দুশ্চিন্তাগ্রস্ত তারা। এমন বাস্তবতায় কিস্তি বন্ধ রাখার পাশাপাশি যথাসময়ে পূর্ণ বাসনের চাল বিতরণের দাবী তাদের। জেলে মাইনুদ্দিন ও সবুজ বলেন, দুই মাসের জন্য কিস্তি তোলা বন্ধ রাখা হলে আমাদের জন্য অনেক ভালো হতো, সরকারের কাছে জেলেদের কথা বিবেচনা করা হয় এবং দ্রুত বরাদ্দকৃত চাল বিতরণ করা হয়। মৎস্য আড়ৎদার আলাউদ্দিন বলেন, মাছ ধরা বন্ধ থাকার খবরে জেলে পাড়ায় তৈরী হয়েছে সংকট। শুধু জেলে নয়, একই অবস্থা মাছ ব্যবসায়ী ও আড়তদারদের। এদিকে নিষেধাজ্ঞা বাস্তবায়নে তোলার বিভিন্ন মৎস্যঘাটে জেলেদের নিয়ে সচেতনতা সভা করছে মৎস্যবিভাগ। জেলা মৎস্য কর্মকর্তা মোঃ ইকবাল হোসেন বলেন, নিষেধাজ্ঞা সময়ে এনজিও কিস্তি বন্ধ রাখার বিষয়ে কোন সিদ্ধান্ত আসেনি, তবে বিষয়টি উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তবে যারা নিষেধাজ্ঞা অমান্য করবেন তাদের আইনের আওতায় আনা হবে। উল্লেখ্য, মেঘনা ও তেঁতুলিয়া নদীর ১৯০ কিলোমিটার এলাকায় ইলিশসহ সব ধরনের মাছ ধরার এ নিষেধাজ্ঞা থাকবে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত।

কাউখালীতে ভিজিএফের বরাদ্দ

পরিবার প্রতি ১০ কেজি করে চাল বরাদ্দ পান। এতে সয়না রঘুনাথপুর ইউনিয়নে এক হাজার ৪৬৩ জন, আমরাজুড়ী ইউনিয়নে এক হাজার ২১০ জন, কাউখালী সদর ইউনিয়নে চার হাজার ৩৯ জন, চিরাপারা পারসাতুরিয়া ইউনিয়নে এক হাজার ৯৮০ জন এবং শিয়ালকাঠী ইউনিয়নে এক হাজার ৫২৬ জন সুবিধাভোগী ঈদ উপহার হিসেবে এ সুবিধা পেয়েছিলেন। অথচ এবারের ঈদুল ফিতরে বরাদ্দ পেয়েছেন মাত্র সাত হাজার ৩২ জন। যা গত বছরের চেয়ে তিন হাজার ১৮৫ জনের বরাদ্দ কম এসেছে। উপকূলীয় উপজেলা কাউখালীতে নদীভাঙনে ভিটেহারাসহ অতি দরিদ্র, হত দরিদ্র ও ছিন্নমূল লোকজন বসবাস করেন। উপজেলার ৬০৫টি আবাসনের প্রায় পাঁচ হাজার লোক বসবাস করেন। এছাড়াও অত্র উপজেলা চারটি নদী দিয়ে বেষ্টিত থাকায় এমনিই নদীভাঙনে প্রতিনিয়ত ভিটেমাটি হারাচ্ছে অনেক পরিবার। সব মিলিয়ে এই উপজেলায় প্রায় ১৫ হাজার অতি দরিদ্র লোক বসবাস করে। কাউখালী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান বলেন, 'কাউখালী উপজেলায় নদীভাঙন এলাকা। এখানে সরকারি আবাসনে অনেক লোক বসবাস করেন। উপজেলায় দরিদ্র ও অতি দরিদ্র লোকসংখ্যা অনেক বেশি। গতবছরের চেয়ে এ বছর ঈদে ভিজিএফের চালের বরাদ্দ কম এসেছে। বিষয়টি আমি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছি।'

ঈদযাত্রায় সাধারণ মানুষ যেন হয়রানির

করলে বাস মালিক সমিতিকে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহনেরও আহবান জানান তিনি। পাশাপাশি প্রত্যেক যানবাহনে নির্ধারিত ভাড়ার তালিকা টাঙিয়ে রাখারও নির্দ দেন হয়েছে। সড়ক দুর্ঘটনা রোধে ফিটনেস বিহীন যানবাহন চলাচল বন্ধে প্রশাসন ও হাইওয়ে পুলিশ জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে বলেও জানান জেলা প্রশাসক। সড়ক দুর্ঘটনা ও যাত্রীদের ভোগান্তি নিরসনের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরে জেলা প্রশাসক বলেন, যানবাহনের গতিসীমা কঠোরভাবে নিয়ন্ত্রণের পাশাপাশি ওভারটেকিং প্রবণতা বন্ধ করতে হবে। হাইওয়েতে ছোট গাড়ি, থ্রি-হুইলার ও রিকশা চলাচল বন্ধ রাখতে হবে বলেও জানান জেলা প্রশাসক। দুরপাল্লার যানবাহনে ডাকাতি প্রতিরোধে হাইওয়ে পুলিশকে সর্বোচ্চ সতর্ক থাকারও নির্দ দেন জেলা প্রশাসক। একইসাথে মলম পার্টি বা অজ্ঞান পার্টি'র খপ্পর থেকে যাত্রীদের রক্ষায় বাসের সুপারভাইজারের মাধ্যমে মোবাইলে যাত্রীদের ছবি ধারণের নির্দেশনাও প্রদান করা হয়েছে। সভায় নৌপথে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নৌযানে ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী তোলা যাবে না বলেওন জানান তিনি। পাশাপাশি রাতের বেলা যেন নদীতে বাল্কহেড, স্পিডবোট ও মাছ ধরার জাল ফেলা না হয় সে বিষয়ে নৌপুলিশ সহ সংশ্লিষ্টি সকলকে সর্বোচ্চ সর্তক থাকার আহ্বান জানান। একইসাথে ঈদের আনন্দ যাতে ম্লান না হয় সেজন্য রাতের বেলা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার ওপরও গুরুত্বারোপ করে জেলা প্রশাসক বলেন, পবিত্র ঈদ উপলক্ষে দূর-দূরান্ত থেকে সাধারণ মানুষ কেনাকাটার জন্য শপিংমল ও বিপণিবিতান গুলোতে ভিড় করেন।এ সময় আকস্মিক বিদ্যুৎ বিভ্রাট জনভোগান্তি সৃষ্টির পাশাপাশি ব্যবসায়ীদেরও বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে ফেলতে পারে। সভায় আইন-শৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা ছাড়াও বিভিন্ন সরকারি কর্মকর্তাবৃন্দ এবং ব্যবসায়ী নেতৃবৃন্দ সহ বাস মালিক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কুয়াকাটায় ইয়াবা সেবনে বাধা দেয়ায়

সেবন করতেন। এতে বাধা দেওয়ায় তারা পরিকল্পিতভাবে হামলা চালায়। হামলাকারীরা কুয়াকাটায় যুবদলের রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট বলে জানা গেছে। অভিযোগ রয়েছে, হামলাকারীরা লোহার রড ও হাতুড়ি দিয়ে এলোপাতাড়ি মারধর করে তার দুই পা থেঁতলে দেয়। এতে তার চারটি দাঁত পড়ে যায় এবং শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম হয়। চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে হামলাকারীরা পালিয়ে যায়। পরে তাকে উদ্ধার করে কুয়াকাটার ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নেওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক জানান, রাত সাড়ে ৭টার দিকে গুরুতর আহত অবস্থায় লোকমান মৃধা নামে একজনকে হাসপাতালে আনা হয়। প্রাথমিক চিকিৎসা শেষে অবস্থার অবনতি হওয়ায় তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। বর্তমানে তার অবস্থা সংকটাপন্ন। আহতের মেয়ে সাজেদা বেগম বলেন, রাসেল খান ও মিরাজ নিয়মিত আমার বাবার হোটেলে গিয়ে ইয়াবা সেবন করতেন। বাধা দেওয়ায় তারা হত্যার উদ্দেশ্যে হামলা চালিয়েছে। আমার বাবা এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। অভিযুক্তদের মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি। কুয়াকাটা পৌর যুবদলের সভাপতি সৈয়দ ফারুক হোসেন বলেন, মিরাজ যুবদল থেকে আগেই বহিষ্কৃত এবং অপর অভিযুক্ত ওয়ার্ড যুবদলের সদস্য রাসেল খানের দায় থেকে থাকলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে মহিপুর থানার পরিদর্শক মহব্বত খান বলেন, এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

রফতানিতে ধাক্কা: ফেব্রুয়ারিতে

রফতানি আয় হয়েছে ২৫ দশমিক ৮০ বিলিয়ন ডলার, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ৩ দশমিক ৭৩ শতাংশ কম। খাতভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, নিটওয়্যার রফতানি দাঁড়িয়েছে ১৩ দশমিক ৬৯ বিলিয়ন ডলারে,হ্রাস ৪ দশমিক ৫৬ শতাংশ। অপরদিকে ওভেন রফতানি হয়েছে ১২ দশমিক ১১ বিলিয়ন ডলার, যা আগের বছরের তুলনায় ২ দশমিক ৭৯ শতাংশ কম। অর্থাৎ দুই প্রধান উপখাতেই নেতিবাচক প্রবৃদ্ধি দেখা দিয়েছে। শুধু ফেব্রুয়ারি ২০২৬ মাসের চিত্র আরও উদ্বেগজনক। এ মাসে আরএমজি রফতানি হয়েছে ২ দশমিক ৮২ বিলিয়ন ডলার, যা ২০২৫ সালের ফেব্রুয়ারির তুলনায় ১৩ দশমিক ২১ শতাংশ কম। খাতভিত্তিক হিসাবে নিটওয়্যার রফতানি: ১ দশমিক ৪০ বিলিয়ন ডলার (হ্রাস ১৫ দশমিক ৪৬%) ওভেন রফতানি: ১ দশমিক ৪২ বিলিয়ন ডলার (হ্রাস ১০ দশমিক ৮৬%) অর্থাৎ ফেব্রুয়ারিতে নিট খাতে পতন তুলনামূলক বেশি হয়েছে, যদিও ওভেনেও দ্বি-অঙ্কের নেতিবাচক প্রবৃদ্ধি দেখা গেছে। উল্লেখযোগ্য বিষয় হলো, ২০২৪-২৫ অর্থবছরে একই সময়ে (জুলাই-ফেব্রুয়ারি) আরএমজি খাতে ইতিবাচক প্রবৃদ্ধি ছিল। পুরো ২০২৪-২৫ অর্থবছরে রফতানি আয় দাঁড়ায় ৩৯ দশমিক ৩৫ বিলিয়ন ডলার, যা ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় ৮ দশমিক ৮৪ শতাংশ বেশি ছিল। ২০২৩-২৪ থেকে ২০২৪-২৫ অর্থবছরে ওভেন খাতে প্রবৃদ্ধি ছিল ৭ দশমিক ৮২%। নিট খাতে প্রবৃদ্ধি ছিল ৯ দশমিক ৭৩%। কিন্তু চলতি অর্থবছরে সেই ধারাবাহিকতা বজায় থাকেনি। বিশেষ করে বছরের দ্বিতীয়ার্ধে এসে অর্ডার কমে যাওয়া, মূল্যছাড়ের চাপ এবং বৈশ্বিক বাজারে চাহিদা দুর্বল হয়ে পড়ার প্রভাব স্পষ্ট হচ্ছে। খাতসংশ্লিষ্টরা বলছেন, যুক্তরাষ্ট্র ও ইউরোপের বাজারে ভোক্তা চাহিদা মন্থর হওয়া, উচ্চ মূল্যস্ফীতি এবং খুচরা বিক্রিতে ধীরগতির প্রভাব পড়েছে নতুন অর্ডারে। পাশাপাশি প্রতিযোগী দেশগুলোর সঙ্গে মূল্য প্রতিযোগিতা, কাঁচামালের খরচ ও জ্বালানি ব্যয়ের চাপও রপ্তানিকারকদের মার্জিন কমিয়ে দিয়েছে। বিশেষজ্ঞদের মতে, ফেব্রুয়ারির মতো দ্বি-অঙ্কের পতন যদি ধারাবাহিক হয়, তাহলে চলতি অর্থবছরের মোট রফতানি লক্ষ্যমাত্রা অর্জন কঠিন হয়ে পড়তে পারে। আরএমজি খাত দেশের মোট রফতানি আয়ের প্রায় ৮০ শতাংশ জোগান দেয়। ফলে এ খাতে ধীরগতি সামষ্টিক অর্থনীতিতে চাপ সৃষ্টি করতে পারে বিশেষ করে বৈদেশিক মুদ্রার রিজার্ভ, বিনিময় হার এবং কর্মসংস্থানের ক্ষেত্রে। খাতসংশ্লিষ্টদের মতে, বাজার বহুমুখীকরণ, উচ্চমূল্যের পণ্য উৎপাদন, দ্রুত লিড টাইম নিশ্চিত করা এবং ক্রেতাদের আস্থা ধরে রাখতে মান ও কমপ্লায়েন্স জোরদার করাই এখন অগ্রাধিকার হওয়া উচিত। সব মিলিয়ে চলতি অর্থবছরের প্রথম আট মাসের তথ্য বলছে গত বছরের ইতিবাচক প্রবৃদ্ধির পর এবার তৈরি পোশাক রফতানিতে স্পষ্ট চাপ তৈরি হয়েছে। সামনে মার্চ-জুন সময়কালের পারফরম্যান্সই নির্ধারণ করবে, এ ধাক্কা সাময়িক নাকি দীর্ঘমেয়াদি প্রবণতার।

বাংলাদেশ-ভারত একসঙ্গে কাজ করে

কাজ করে অনেক কিছু করা সম্ভব। সোমবার (২ মার্চ) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি এ কথা বলেন। হাইকমিশনার বলেন, 'আমাদের ভবিষ্যৎ সহযোগিতা যেন নিজ নিজ জাতীয় অগ্রাধিকারের ভিত্তিতে হয় সেটি নিয়েও কথা হয়েছে। কীভাবে এটিকে আরও ভবিষ্যতমুখী, প্রযুক্তি ও উদ্ভাবননির্ভর করা যায়, আমাদের অর্জনগুলোকে ব্যবহার করে কীভাবে অর্থনৈতিক সম্পর্ক সম্প্রসারণ করা যায়, বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও গভীর করা যায় এসব বিষয় নিয়ে আলোচনা হয়েছে।' হাই কমিশনার ভারত ও বাংলাদেশের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক সম্পর্কের গভীর ও স্থায়ী প্রকৃতির ওপর গুরুত্বারোপ করেন। দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক উন্নয়নের উপায় এবং ডিজিটাল কমার্স ও কৃত্রিম বুদ্ধিমত্তার মতো উদীয়মান ক্ষেত্রে সম্ভাব্য সহযোগিতার বিষয়গুলোও পর্যালোচনা করা হয়। তিনি বলেন, 'আমাদের দুই দেশের মধ্যে অত্যন্ত শক্তিশালী বাণিজ্য, অর্থনৈতিক ও ব্যবসায়িক সম্পর্ক রয়েছে। কীভাবে এটিকে আরও এগিয়ে নেওয়া যায়, তা নিয়ে আলোচনা করেছি। কীভাবে দুই দেশের বিভিন্ন খাতে ব্যবসাগুলোর জন্য পারস্পরিক সম্পৃক্ততা সহজ করা যায় এবং কীভাবে আমরা একসঙ্গে কাজ করতে পারি, যাতে আমাদের ভৌগোলিক নৈকট্য দুই দেশের মধ্যে যে ঘনিষ্ঠতা রয়েছে তা নতুন অর্থনৈতিক সুযোগে রূপান্তরিত করা যায়, সেটি নিয়ে আলোচনা হয়েছে।' সিইপিএ চুক্তি বা ট্রান্সশিপমেন্ট নিয়ে কোনো আলোচনা হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, 'না, এ বিষয়ে কোনো নির্দিষ্ট আলোচনা হয়নি। তবে অবশ্যই এসব বিষয় আমাদের ব্যবসা ও অর্থনৈতিক আলোচনার অংশ। ব্যবসা সম্প্রসারণের জন্য স্থলবন্দর গুরুত্বপূর্ণ। এছাড়া নতুন প্রেক্ষাপটে আমাদের নতুন অর্থনৈতিক সক্ষমতার সঙ্গে সামঞ্জস্য রেখে কীভাবে অর্থনৈতিক সম্পর্ক এগিয়ে নেওয়া যায়, সে বিষয়ে কী ধরনের কৌশল হওয়া উচিত এগুলো নিয়ে বিস্তারিত আলোচনা দুই দেশের বাণিজ্য মন্ত্রণালয়ের বিষয়। আমাদের খুব প্রাথমিক আলোচনা হয়েছে। তবে উদ্দেশ্য ছিল ব্যবসা, অর্থনৈতিক ও বিনিয়োগ সম্পর্ক উন্নয়নে ঘনিষ্ঠভাবে কাজ করার আমাদের আগ্রহ জানানো।'

রমজানের প্রথম ১০ দিনে

হয়েছে। এদিকে মদিনার পবিত্র মসজিদে নবীবিতে এক কোটি ৭৮ লাখ ৯ হাজার ৪৬৭ জন মুসল্লি পাঁচ ওয়াক্ত নামাজ ও তারাবিহ পড়েছেন। এরমধ্যে তিন লাখ ১৭ হাজার ২৫ জন পবিত্র রওজা শরিফে নামাজ পড়েছেন। আর সাত লাখ ৮৪ হাজার ৩৭৯ জন মহানবী মুহাম্মদ (সা.)-এর রওজা জিয়ারত করেছেন।

ইসরায়েল-মার্কিন যৌথ

নিহত হয়েছেন। রোববার ভোরে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম তার মৃত্যুর খবর নিশ্চিত করে। এর আগে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, শনিবার খামেনির কমপাউন্ডে চালানো যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ বিমান হামলায় তিনি নিহত হয়েছেন। ইরানের আধা-সরকারি সংবাদসংস্থা তাসনিম নিউজ এজেন্সি জানায়, 'আমেরিকা ও জায়নবাদী শাসনের যৌথ হামলায় শনিবার সকালে ইসলামী বিপ্লবের নেতা মহান আয়াতুল্লাহ ইমাম সাইয়্যিদ আলী খামেনি শাহাদাত বরণ করেছেন।' ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম আরও জানায়, ওই হামলায় খামেনির মেয়ে, জামাতা ও নাতিও নিহত হয়েছেন। এদিকে, ইসরায়েলি-মার্কিন যৌথ হামলার জবাবে মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক ঘাঁটি ও ইসরায়েলে হামলা অব্যাহত রেখেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড কর্পস (আইআরজিসি)। তারা খামেনি হত্যার প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করেছে। অন্যদিকে, খামেনি হত্যার প্রতিশোধ নিতে লেবাননের হিজবুল্লাহও ইসরায়েলে হামলা চালিয়েছে। এরপর ইসরায়েলও লেবাননে পাল্টা হামলা চালিয়েছে। হামলা অব্যাহত রেখে মার্কিন যুক্তরাষ্ট্রও। দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চার সপ্তাহ যুদ্ধ চলতে পারে বলে জানিয়েছেন।

পাথরঘাটায় বিএনপি নেতার

ইউনিয়ন চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ছগির আলম ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে এক সালিশ বৈঠক বসে। সালিশে উপস্থিত লোকজনের সামনে সদর ইউনিয়ন বিএনপির সাবেক আহ্বায়ক ও ইউনিয়নের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ছগির আলমের নির্দেশে গৃহবধূর পিতা জুতা দিয়ে পিটিয়ে আহত করেন। এদিকে চেয়ারম্যানের নির্দেশে জুতা দিয়ে পেটানোর একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়লে আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়। এ বিষয়ে স্থানীয় বাবুল মিয়া বলেন, গৃহবধূর সাথে বেল্লালের দীর্ঘ দিনের প্রেম। প্রায়ই দেখা করত তারা। স্থানীয় লোকজন তাদের হাতেনাতে ধরেছে। পরবর্তীতে চেয়ারম্যানকে খবর দিলে তিনি এলাকাবাসীর সামনে বিচার করেন। এ বিষয়ে সদর ইউনিয়ন চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ছগির আলম বলেন, 'পরকীয়ার অভিযোগে তাদের আটক করা হয়। পরে সালিশের মধ্যে উপস্থিত লোকজনদের শান্ত করতে গৃহবধূর বাবা তার মেয়েকে জুতা পেটা করেন।' এ বিষয়ে পাথরঘাটা উপজেলা বিএনপির সদ্য বিদায়ী কমিটির আহ্বায়ক চৌধুরী মো. ফারুক এ বিষয়ে মন্তব্য করতে রাজি হননি। পাথরঘাটা উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি রুস্তম আলী হাওলাদার বলেন, এ কাজটি তিনি দায়িত্বে থেকে করতে পারেন না। বিষয়টি দুঃখজনক। এ বিষয়ে পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মংচেনলা বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে আমি একটি ভিডিও দেখেছি জুতাপেটা করার। কিন্তু এ বিষয়ে এখন পর্যন্ত কোন লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বরগুনায় সুজন হত্যা মামলার

কোম্পানি অধিনায়ক স্কোয়াড্রন লিডার রাশেদ বলেন, দীর্ঘ অনুসন্ধান ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযুক্তদের গ্রেফতার করা সম্ভব হয়েছে। গ্রেফতার ব্যক্তিদের পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

খাল খনন কর্মসূচি দ্রুত বাস্তবায়নযোগ্য

খননের উদ্যোগ নিতে হবে। সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সমন্বয়ের মাধ্যমে দ্রুত বাস্তবায়নযোগ্য পরিকল্পনা প্রণয়নের নির্দেশ দেন তিনি।   সভায় জেলার বিভিন্ন উপজেলার খালগুলো পুনঃখননের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিবেশ রক্ষা ও জলবায়ু সহিষ্ণুতা অর্জনে খাল খনন কার্যক্রম জোরদার করতে সংশ্লিষ্ট কর্মকর্তারা খাল পুনরুদ্ধারে সমন্বিত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. কাওছার হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. তৌহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ সাইফুল ইসলাম, জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা ইমরান শাহরিয়ার, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ, রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরি, কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেন এবং সহকারী কমিশনার স্বর্ণা সুলতানা জেনীসহ অন্যান্য দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে

২১টি ছাগল। স্থানীয়দের ভাষ্যমতে, এ ঘটনায় প্রায় ৭ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। অগ্নিকাণ্ডের পরদিন সোমবার সকালে জামায়াত নেতৃবৃন্দ ঘটনাস্থলে গিয়ে ক্ষতিগ্রস্ত পরিবারটির সার্বিক খোঁজখবর নেন এবং তাৎক্ষণিকভাবে নগদ অর্থ সহায়তা প্রদান করেন। এ সময় বাবুগঞ্জ উপজেলা জামায়াতের আমির মাওলানা রফিকুল ইসলাম, জাহাঙ্গীরনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামরুল আহসান হিমুসহ উপজেলা ও ইউনিয়ন জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় জহির উদ্দিন মুহাম্মদ বাবর বলেন, অগ্নিকাণ্ডে একটি পরিবার এক রাতেই নিঃস্ব হয়ে গেছে, যা অত্যন্ত বেদনাদায়ক। জামায়াতে ইসলামী সবসময় অসহায় মানুষের পাশে থাকে। এই পরিবারটির পাশে আমরা আছি এবং আগামীতেও সহযোগিতা অব্যাহত থাকবে। এর আগে অগ্নিকাণ্ডের খবর পেয়ে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার আসমা উল হুসনা ঘটনাস্থল পরিদর্শন করেন। সে সময় তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা, খাদ্যশস্য ও কম্বল বিতরণ করেন।

আগৈলঝাড়ায় তিনদিন পর ঘুষের টাকা

দেয় উপজেলার ফুল্লশ্রী গ্রামের বাসিন্দা মো. জলিল ফকিরের ছেলে মো. সোহাগ ফকির। ওই আগুনের তাপে সড়কের পাশে লাগানে গাছের কয়েকটি গাছের পাতা পুড়ে যাওয়ায় উপজেলা বন বিভাগের বাগান মালি দেলোয়ার বেপারী সোহাগ ফকিরের কাছে এক লক্ষ টাকা জরিমানা করার কথা বলে ও মামলার ভয়ভীতি দেখিয়ে স্থানীয় সিদ্দিক ফকিরের মাধ্যমে শেষ পর্যন্ত ১১ হাজার টাকা ঘুষ গ্রহন করেছিলেন। উপজেলা ভারপ্রাপ্ত বনকর্মকর্তা নুর মোহাম্মাদ ঘটনা জানার পরেও কোন ব্যবস্থা গ্রহন করেনি। বরিশাল বিভাগীয় বন কর্মকর্তা জামিল মোহাম্মাদ খান সাংবাদিকদের বলেন, অনিয় করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

আগৈলঝাড়ায় জামায়াতে

জেলার আমীর মাওলানা মো.দেলোয়ার হোসেন। আলোচনা সভায় বক্তব্য রাখেন, জামায়তে ইসলামীর কেন্দ্রীয় সূরা সদস্য ও বরিশাল জেলা আমীর অধ্যাপক মাওলানা আব্দুল জব্বার, জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমীর বরিশাল মহানগরী সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম(খসরু), জামায়াতে ইসলামীর বরিশাল-১ আসনের প্রার্থী হাফেজ মাওলানা মো.কামরুল ইসলাম খান, আগৈলঝাড়া উপজেলা বিএনপি'র সাবেক সাধারন সম্পাদক ও সাবেক ইউপি সদস্য আবুল হোসেন লাল্টু ও উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী মাওলানা ফজলুল হক প্রমুখ। ইফতার অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সাংবাদিক ও সুশীল সমাজের লোকজন উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে জামায়াতে ইসলামীর বরিশাল-১ আসনের প্রার্থী হাফেজ মাওলানা মো.কামরুল ইসলাম খান দোয়া ও মোনাজাতে দেশের কল্যাণ, জাতীয় নেতৃবৃন্দের সুস্বাস্থ্য ও রোগমুক্তি কামনা করেন।

বরগুনায় সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত

কার্যালয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সজল চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সিফাত বিন সাদেক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আতিকুল ইসলাম, বিআরটিএ সহকারী পরিচালক (ইঞ্জি.) সৌরভ কুমার সাহাসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। চেক হস্তান্তর অনুষ্ঠানে জেলা প্রশাসক তাছলিমা আক্তার বলেন, সড়ক দুর্ঘটনায় অনেক পরিবার হঠাৎ করেই তাদের উপার্জনক্ষম সদস্যকে হারিয়ে চরম সংকটে পড়ে। সরকারের পক্ষ থেকে এই আর্থিক সহায়তা তাদের প্রাথমিক কষ্ট লাঘবে সহায়ক হবে। ভবিষ্যতেও দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের পাশে প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরগুলো আন্তরিকভাবে কাজ করবে। তিনি আরও বলেন, সড়ক দুর্ঘটনা কমাতে সবাইকে আইন মেনে চলতে হবে। চালক, যাত্রী ও পথচারী সবার সচেতনতার মাধ্যমেই নিরাপদ সড়ক নিশ্চিত করা সম্ভব।

মাদক সেবনের দায়ে তিন

(ভূমি) মো. ইয়াসীন সাদেক এই অভিযানের নেতৃত্ব দেন। তিনি জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(৫) ধারা অনুসারে মাদকদ্রব্য সেবনের অপরাধে এই দণ্ড দেওয়া হয়েছে। অভিযানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পটুয়াখালীর একটি টিম সহায়তা করে।

ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় নেতানিয়াহুর পরিণতি ঘিরে অনিশ্চয়তা

কীর্তনখোলা ডেস্ক

তেল আবিবে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর কার্যালয় এবং হাইফা বন্দরে ইসরায়েলের নিরাপত্তা ও সামরিক বাহিনীর কার্যালয়ে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। এই হামলায় নেতানিয়াহুর ভাগ্যে কী ঘটেছে তা 'অনিশ্চয়তায় ঘেরা' বলে ইরানের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যমের খবরে জানানো হয়েছে। বিপ্লবী গার্ড বাহিনীর বিবৃতির বরাত দিয়ে ইরানি বার্তা সংস্থা ফারস নিউজ এজেন্সি বলেছে, ইহুদিবাদী শাসকগোষ্ঠীর অপরাধী প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তাদের বিমানবাহিনীর প্রধান কার্যালয়কে লক্ষ্যবস্তু করা হয়েছে। ওই হামলায় ইরানের নিজস্ব প্রযুক্তিতে তৈরি খাইবার ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে। এতে ইসরায়েলি প্রধানমন্ত্রীর ভাগ্যে কী ঘটেছে তা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। নেতানিয়াহু ও বিমানবাহিনীর প্রধান কার্যালয়ে এই হামলার বিষয়ে আর কোনও বিস্তারিত তথ্য জানায়নি আইআরজিসি। ফরাসি বার্তা সংস্থা এএফপির সাংবাদিকরা বলেছেন, সোমবার জেরুজালেমের আকাশে একের পর এক নতুন বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এর আগে ইসরায়েলি সামরিক বাহিনী ইরান থেকে ছোড়া নতুন ক্ষেপণাস্ত্র শনাক্ত করা হয়েছে বলে জানায়। এক বিবৃতিতে ইসরায়েলি সামরিক বাহিনী বলেছে, কিছুক্ষণ আগে ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) ইসরায়েলি ভূখণ্ডের দিকে ইরান থেকে ছোড়া ক্ষেপণাস্ত্র শনাক্ত করেছে। হুমকি মোকাবিলায় প্রতিরক্ষা ব্যবস্থাগুলো সক্রিয় রয়েছে। এদিকে, সাইপ্রাসে একটি ব্রিটিশ বিমানঘাঁটি এবং সৌদি আরবের একটি তেল স্থাপনায় হামলার পর ইউরোপীয় কমিশনের প্রধান উরসুলা ভন ডার লিয়েন ওই অঞ্চলজুড়ে সার্বভৌম ভূখণ্ডে ইরান এবং তার প্রক্সি গোষ্ঠীগুলোর হামলার নিন্দা জানিয়েছেন। ব্রাসেলসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ফন ডার লিয়েন বলেন, আমাদের উত্তেজনা প্রশমন এবং সংঘাত ছড়িয়ে পড়া ঠেকাতে কঠোর পরিশ্রম করতে হবে। সতর্ক করে দিয়ে তিনি বলেন, ওই অঞ্চলের স্থিতিশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইরানি রেড ক্রিসেন্ট সোসাইটি বলেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের অভিযানে ইরানে এখন পর্যন্ত অন্তত ৫৫৫ জন নিহত হয়েছেন। শনিবার থেকে ইসরায়েল ও যুক্তরাষ্ট্র ইরানজুড়ে বিভিন্ন লক্ষ্যবস্তুতে হামলা চালাচ্ছে। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যার মধ্য দিয়ে শুরু হওয়া এই যুদ্ধ পুরো অঞ্চলে ছড়িয়ে পড়েছে। ইরান একেবারে প্রথম দিন থেকে সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কাতার, কুয়েত, সৌদি আরব ও ইরাকসহ অন্যান্য দেশে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি লক্ষ্য করে হামলা চালিয়ে আসছে ইরান। উপসাগরীয় অঞ্চলে ইরানের পাল্টা হামলার তৃতীয় দিনে সোমবারও কুয়েতে মার্কিন দূতাবাস থেকে কালো ধোঁয়া উঠতে দেখা গেছে এবং কোনও হতাহতের ঘটনা ছাড়াই যুক্তরাষ্ট্রের যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে।

এবার ইরানি ক্ষেপণাস্ত্রে ইসরায়েলজুড়ে আতঙ্ক, বাঙ্কারেও স্বস্তি পাচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

ইসরায়েলের উপর দশম দফায় ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান। এতে ইসরায়েলজুড়ে ব্যাপক আতঙ্কের সৃষ্টি হয়েছে। আশ্রয়কেন্দ্র তথা বাঙ্কারে অবস্থান নিয়েও স্বস্তি পাচ্ছে না ইহুদিবাদীরা। একই সঙ্গে ও অধিকৃত পশ্চিম তীরেও চরম আতঙ্ক বিরাজ করছে। কেননা, সেখানে হোম ফ্রন্ট অ্যালার্ট সিস্টেম, বিমান হামলার অ্যালার্ম, ইসরায়েলি প্রতিরক্ষা ব্যবস্থা এবং আশ্রয়কেন্দ্র নেই। সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে জানা গেছে, ইরান রবিবার রাতের প্রথম অংশে ইসরায়েলে খুব বেশি আক্রমণ না করলেও সোমবার সকাল থেকে ভারী বোমাবর্ষণ করছে। বিভিন্ন এলাকায় বিকট বিস্ফোরণের শব্দ শোনা গেছে। যদিও নির্ধারণ করা কঠিন যে, বিস্ফোরণের শব্দগুলো প্রতিরোধের কারণে নাকি কিছু ইসরায়েলের অভ্যন্তরে ক্ষেপণাস্ত্র হামলার জেরে হচ্ছে। এদিকে, রবিবার পশ্চিম জেরুজালেমের কাছে ইসরায়েলি শহর বেইত শেমেশে একটি সুরক্ষিত আশ্রয়কেন্দ্রে ইরানের ক্ষেপণাস্ত্র আঘাত করে। এতে রিপোর্ট লেখা পর্যন্ত অন্তত নয়জন নিহতের খবর জানা গেছে। আহত হয়েছে আরও অনেকে। প্রতিবেদনে বলা হয়েছে, গত জুনে ইরান-ইসরায়েল যুদ্ধের তুলনায় এখন আরও বেশি ইসরায়েলিকে আশ্রয়কেন্দ্রে থাকতে বাধ্য করা হচ্ছে। যদিও পূর্ববর্তী সংঘাতের সময়ের তুলনায় ক্ষেপণাস্ত্রের সংখ্যা ততটা বেশি না, তবুও ইসরায়েলিদের মাঝে মাঝে দীর্ঘ সময় ধরে, একেক সময় তিন ঘণ্টা পর্যন্ত আশ্রয়কেন্দ্রে থাকতে হচ্ছে। এতেই বোঝা যায় যে, ইসরায়েলকে লক্ষ্য করে ইরানের ক্ষেপণাস্ত্র হামলার তীব্রতা কতটা। তবে আশ্রয়কেন্দ্রেও এবার স্বস্তি পাচ্ছে না ইসরায়েলিরা। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের আগ্রাসনের জবাবে পাল্টা হামলা চালাচ্ছে ইরান। ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যের দেশ কাতার, কুয়েত, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, ওমান, সৌদি আরবে অবস্থিত মার্কিন স্বার্থে হামলা করছে ইরানি বাহিনী। সূত্র: আল-জাজিরা

ডুবোচর ও বর্জ্যে ইলিশশূন্য পায়রা, সংকটে ১৪ হাজার জেলে

আমতলী প্রতিনিধি

সামনেই ইলিশের ভরা মৌসুম। আষাঢ়-শ্রাবণের জোয়ারে রুপালি ইলিশে ভরে ওঠার কথা পায়রা নদী। ভরা মৌসুমেও পায়রা নদীতে কাঙ্ক্ষিত রুপালি ইলিশের দেখা মেলে না। সাগর মোহনায় সৃষ্টি হওয়া ডুবোচরে বাধাপ্রাপ্ত হয়ে ইলিশ উল্টো পথে ফিরে যাচ্ছে বলে অভিযোগ করেছেন জেলেরা। পাশাপাশি তাপবিদ্যুৎকেন্দ্রের গরম পানি ও বর্জ্য নদীতে ফেলার কারণেও ইলিশের প্রবেশ ও প্রজনন বাধাগ্রস্ত হচ্ছে বলে জানিয়েছেন অবসরপ্রাপ্ত মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইলিশ গবেষক ড. মো. আনিছুর রহমান। পায়রা নদীতে জেলেদের জালে ইলিশ ধরা না পড়ায় উপকূলের ১৪ হাজার ৬৮৯ জন জেলে মানবেতর জীবনযাপন করছেন। সাগর মোহনার ডুবোচর খনন করে পায়রা নদীতে ইলিশের প্রবেশ ও প্রজনন কার্যক্রম স্বাভাবিক করার দাবি জানিয়েছেন তারা। জানা গেছে, বুড়িশ্বর বা পায়রা নদী বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বরিশাল, পটুয়াখালী ও বরগুনা জেলার একটি গুরুত্বপূর্ণ নদী। নদীটির দৈর্ঘ্য প্রায় ৯০ কিলোমিটার, গড় প্রস্থ ১২০০ মিটার এবং এটি সর্পিলাকার। বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার কলসকাটি ইউনিয়নের পাণ্ডব নদী থেকে এর উৎপত্তি। পরে এ নদীর জলধারা বঙ্গোপসাগরে পতিত হয়েছে। উজানের তুলনায় ভাটির দিক বেশি প্রশস্ত। অন্যদিকে বিষখালী ও বলেশ্বর নদীও বঙ্গোপসাগরে মিলিত হয়েছে। তিন নদীর মিলনস্থলকে জেলেরা 'গাঙ্গের আইল' নামে চেনেন। বিষখালী-বলেশ্বর মোহনায় রয়েছে লালদিয়া সমুদ্র সৈকত এবং পায়রা-বিষখালীর মোহনায় পদ্মাবাবুগঞ্জ চর। তিন নদীর মোহনায় গড়ে ওঠা এসব চর স্বাভাবিক জোয়ারের পানি প্রবেশে বাধা সৃষ্টি করছে। ফলে নদীর গভীরতা দিন দিন কমে যাচ্ছে। পায়রা-বিষখালী মোহনায় বড়াইয়ার ডুবোচর ১৫ থেকে ২০ কিলোমিটার এলাকাজুড়ে ফকিরহাট থেকে আশার চর পর্যন্ত বিস্তৃত। এ চর বঙ্গোপসাগর থেকে পায়রা নদীতে জোয়ারের পানি প্রবেশে বাধা সৃষ্টি করে। আশার চরের শেষ সীমানা থেকে শুরু হয়েছে নলবুনিয়ার ডুবোচর, যার বিস্তৃতি প্রায় ৭ থেকে ৮ কিলোমিটার। এটি পায়রা নদীর প্রবেশমুখে অবস্থিত। প্রবেশমুখ অতিক্রম করে ৩ থেকে ৪ কিলোমিটার ভেতরে পদ্মা ও কুমিরমারা ডুবোচর রয়েছে, যার বিস্তৃতি প্রায় ৬ থেকে ৭ কিলোমিটার। ভাটার সময় এসব চরে মানুষ হাঁটাচলা করে এবং জেলেরা খুঁটি গেড়ে জাল ফেলে। জোয়ারের সময় এখানে তীব্র স্রোত ও ঢেউ সৃষ্টি হয়। ডুবোচরের কারণে সাগর থেকে জোয়ারের পানির সঙ্গে ইলিশের স্বাভাবিক প্রবেশ ব্যাহত হচ্ছে। এ ছাড়া ২০১৯ সালে তালতলীর জয়ালভাঙ্গা এলাকায় বঙ্গোপসাগর-সংলগ্ন স্থানে আইসোটেক তাপবিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হয়। ২০২২ সালে কেন্দ্রটি উৎপাদনে যায়। এরপর থেকে কেন্দ্রের গরম পানি ও বর্জ্য পায়রা নদীতে ফেলা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এসব কারণে পায়রা নদীতে ইলিশ প্রবেশে বড় ধরনের বাধা সৃষ্টি হয়েছে। ফলে অন্য নদীর তুলনায় এখানে ইলিশ কম পাওয়া যাচ্ছে। উপকূলীয় আমতলী ও তালতলীতে নিবন্ধিত জেলের সংখ্যা ১৪ হাজার ৬৮৯ জন। এর মধ্যে আমতলীতে ৬ হাজার ৭৮৯ এবং তালতলীতে ৭ হাজার ৯০০ জন জেলে রয়েছেন। অধিকাংশই দারিদ্র্যসীমার নিচে বসবাস করেন। সারা বছর মাছ শিকার করেই তাদের সংসার চলে। মাছ ধরা পড়লে ভালোভাবে জীবনযাপন সম্ভব হয়, আর মাছ না পেলে উনুনে হাঁড়ি ওঠে না বলে জানান জেলে ছত্তার। গভীর সাগর, উপকূল-সংলগ্ন এলাকা এবং শাখা-প্রশাখা নদীতে তিন ধরনের জেলে মাছ শিকার করেন। ইলিশের ভরা মৌসুম আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন-এই চার মাসে জেলেরা সারা বছরের আয় নিশ্চিত করেন। কিন্তু মৌসুমের এক মাস পেরিয়ে গেলেও পায়রা নদীতে কাঙ্ক্ষিত ইলিশ ধরা পড়ছে না। দু-একটি মাছ জালে ওঠলেও তা দিয়ে সংসার চলে না বলে জানিয়েছেন জেলেরা। তাদের দাবি, সাগর মোহনার ডুবোচরই ইলিশ প্রবেশের প্রধান অন্তরায়। ডুবোচরের কারণে ইলিশ উল্টো পথে ফিরে যাচ্ছে। ফলে পায়রা নদীতে ইলিশশিকারি জেলেদের জালে মাছ ওঠছে না। ২০০৭ সালের প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় সিডরের পর নদীর গতিপথ পরিবর্তিত হয়ে তীব্র ডুবোচরের সৃষ্টি হয়। ফলে জোয়ারের প্রথম ভাগে পায়রা নদীতে পানি প্রবেশের স্বাভাবিক গতি ব্যাহত হয়। অথচ ওই সময়ই ইলিশ নদীতে প্রবেশের উপযুক্ত সময়। ডুবোচরে বাধাপ্রাপ্ত হয়ে ইলিশ সাগরে ফিরে যায়। জোয়ারের মধ্যভাগে স্রোত বাড়লেও তখন ইলিশের প্রবেশ কমে যায়। নলবুনিয়া গ্রামের জেলে আলমগীর হাওলাদার বলেন, 'ডুবোচর খনন করে নদীর স্বাভাবিক গতিপথ ফিরিয়ে না আনলে পায়রা নদীতে কাঙ্ক্ষিত ইলিশ পাওয়া যাবে না। জেলেদের রক্ষায় দ্রুত ব্যবস্থা নেওয়া প্রয়োজন।' বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন বলেন, 'ডুবোচরের কারণে পায়রা নদীর নাব্যতা কমেছে। এতে জোয়ারের স্রোতের তীব্রতা হ্রাস পাওয়ায় ইলিশ প্রবেশে বাধা সৃষ্টি হচ্ছে। ডুবোচর খনন করে নাব্যতা ফিরিয়ে আনতে পারলে ইলিশ প্রবেশ ও প্রজননে বাধা থাকবে না।' বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট নদীকেন্দ্র, চাঁদপুরের অবসরপ্রাপ্ত মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইলিশ গবেষক ড. মো. আনিছুর রহমান বলেন, 'সাগর মোহনায় নাব্যতা সংকট ও ডুবোচরের কারণে ইলিশের চলাচল ব্যাহত হচ্ছে। ইলিশ চলাচলের জন্য গভীর পানির প্রয়োজন। গভীরতা না থাকায় ইলিশ নদীতে প্রবেশ করতে পারছে না। পাশাপাশি তাপবিদ্যুৎকেন্দ্রের গরম পানি ও বর্জ্যও এ সমস্যার জন্য দায়ী।'

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ মার্চ ২০২৬ ॥ ১৮ ফাল্গুন ১৪৩২

বাংলাদেশ-ভারত একসঙ্গে কাজ করে অনেক কিছু করা সম্ভব: প্রণয় কুমার ভার্মা

কীর্তনখোলা ডেস্ক

ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে গভীর অর্থনৈতিক সম্পর্ক রয়েছে। নতুন সরকারের সঙ্গে যৌথভাবে কাজ করে বাণিজ্য আরও সম্প্রসারণে আগ্রহী ভারত। তাই একসঙ্গে ৩ এর পাতায় দেখুন

রফতানিতে ধাক্কা: ফেব্রুয়ারিতে পতন ১৩ শতাংশের বেশি

কীর্তনখোলা ডেস্ক

চলতি ২০২৫-২৬ অর্থবছরের (জুলাই-ফেব্রুয়ারি) প্রথম আট মাসে দেশের তৈরি পোশাক (আরএমজি) রফতানিতে নিম্নমুখী প্রবণতা স্পষ্ট হয়েছে। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ হালনাগাদ তথ্য অনুযায়ী, এ সময়ে আরএমজি ৩ এর পাতায় দেখুন

মেঘনা-তেঁতুলিয়ায় ইলিশ ধরায় নিষেধাজ্ঞা, জীবিকা সংকটে জেলেরা

ভোলা প্রতিনিধি

ভোলা জেলা সংবাদদাতা ইলিশের অভয়াশ্রম রক্ষায় শনিবার (১মার্চ) মধ্যরাত থেকে শুরু হচ্ছে ভোলার মেঘনা-তেঁতুলিয়া নদীর ১৯০ কিলোমিটার এলাকায় ইলিশ ধরায় নিষেধাজ্ঞা। এতে বেকার হয়ে পড়বেন উপকূলের দুই লাখের অধিক জেলে। যে কারণে অভাব অনাটন আর অনিশ্চয়তার মধ্যে পড়েছেন জেলেরা। যদিও জেলে পুর্ণবাসনের জন্য চাল বরাদ্দ দেয়া হলেও সে চাল সঠিক সময়ে সবার ভাগ্যে জুটেনা। তাই নিষেধাজ্ঞা সময়কালেই জেলেদের মাঝে পুর্নবাসনের চাল এবং এনজিও কিস্তি বন্ধ রাখার দাবী জেলেদের। জেলেরা জানান, গত মৌসুমে পুরো সময় জুড়ে ইলিশ সংকট থাকায় এ বছরের শুরুটা ভালো যায়নি ভোলার জেলেদের। নদীতে ইলিশ শূন্যতায় বার বার আর্থিকভাবে ধাক্কা খেতে হয়েছে তাদের। এমন সংকটের মধ্যে আবার চলে আসছে ইলিশ ধরায় দুই মাসের নিষেধাজ্ঞা। এতে কর্মহীন হয়ে চরম অভাব অনাটনে পড়েছেন জেলেরা। জেলে আবুল কালাম, হাবিব ও কামাল জানান, ২ মাসের

ইসরায়েল-মার্কিন যৌথ হামলায় ইরানে নিহত বেড়ে ৫৫৫

কীর্তনখোলা ডেস্ক

ইরানে শনিবার (২৮ ফেব্রুয়ারি) ইসরায়েলি-মার্কিন যৌথ হামলা শুরুর পর থেকে এখন পর্যন্ত ৫৫৫ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন কয়েক হাজার মানুষ। সোমবার (২ মার্চ) এ তথ্য জানিয়েছে ইরানি রেড ক্রিসেন্ট। এর আগে রোববার (১ মার্চ) ২৪ ঘণ্টায় ইরানে ৫৭ জন নিহত হয়েছে বলে জানিয়েছিল রেড ক্রিসেন্ট। অন্যদিকে, ইরানের মিনাবে মেয়েদের একটি স্কুলে শনিবারের হামলার ঘটনায় নিহতের সংখ্যা দেড়শ ছাড়িয়েছে বলে জানিয়েছে দেশটি। শনিবার সকালে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির বাসভবন লক্ষ্য করে ইসরায়েল ও যুক্তরাষ্ট্র যৌথভাবে বড় ধরনের হামলা চালায়। এ হামলায় খামেনি ৩ এর পাতায় দেখুন

খাল খনন কর্মসূচি দ্রুত বাস্তবায়নযোগ্য পরিকল্পনা প্রণয়নের নির্দেশ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে পরিবেশ রক্ষা ও জলবায়ু সহিষ্ণুতা অর্জনে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে খাল খনন কার্যক্রম নিয়ে জেলা প্রশাসনের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়েছে। দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ঝালকাঠির জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন। জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন বলেন, খালগুলো সচল না থাকলে জলাবদ্ধতা, কৃষির ক্ষতি ও পরিবেশগত ভারসাম্যহীনতা বাড়তেই থাকবে। তাই পর্যায়ক্রমে জরিপ করে প্রয়োজনীয় খাল ৩ এর পাতায় দেখুন

রমজানের প্রথম ১০ দিনে মসজিদুল হারামে ২ কোটির বেশি মুসল্লি

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের পবিত্র মসজিদুল হারাম ও মসজিদে নববীতে রমজানের প্রথম ১০ দিনে সর্বমোট চার কোটি ৩৮ লাখ ৪০ হাজার ৯৬১ জন দর্শনার্থী হয়েছে। এর মধ্যে মক্কার পবিত্র মসজিদুল হারামে দুই কোটি ৩৮ লাখ ৩৯ হাজার ৫৯২ মুসল্লি পাঁচ ওয়াক্ত নামাজ ও তারাবিহ আদায় করেছেন এবং ৮১ লাখ ১০ হাজার ৪৯৮ জন ওমরাহ পালন করেছেন। সোমবার (২ মার্চ) পবিত্র মসজিদুল হারাম ও মসজিদে নববী তত্ত্বাবধানকারী সাধারণ কর্তৃপক্ষের সূত্রে সৌদি গেজেট এ তথ্য জানিয়েছে। সৌদি গেজেট জানিয়েছে, পবিত্র দুই মসজিদে প্রবেশের এই পরিসংখ্যানগুলো নামাজের ক্ষেত্রগুলোতে মোট প্রবেশ এবং ওমরাহ সম্পাদনের মোট পরিমাপের কার্যকরী সূচকের ওপর ভিত্তি করে তৈরি করা ৩ এর পাতায় দেখুন

বরগুনায় সুজন হত্যা মামলার চার আসামি গ্রেফতার

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় আলোচিত সুজন হত্যা মামলার চার অভিযুক্তকে গ্রেফতার করেছে র‌্যাব-৮। র‌্যাব-৮, সিপিসি-১, পটুয়াখালী ক্যাম্প ও র‌্যাব-৬, সিপিএসসি, খুলনার যৌথ অভিযানে তাদের আটক করা হয়। সোমবার (২ মার্চ) গভীর রাত থেকে সকাল পর্যন্ত অভিযান চালিয়ে বরগুনার বামনা ও খুলনার সোনাডাঙ্গা এলাকা থেকে মো. জালাল, মো. কালু, মো. সবুজ হাওলাদার ও মো. মিরাজ হাওলাদারকে গ্রেফতার করা হয়। র‌্যাব জানায়, জমি নিয়ে বিরোধের জেরে গত ১৩ ফেব্রুয়ারি অভিযুক্তরা সুজনকে দেশীয় অস্ত্র দিয়ে হামলা করে গুরুতর আহত করে। পরে তাকে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের বোন হত্যা মামলা দায়ের করেন। র‌্যাব-৮-এর ৩ এর পাতায় দেখুন

ঈদযাত্রায় সাধারণ মানুষ যেন হয়রানির শিকার না হয়: জেলা প্রশাসক

কীর্তনখোলা রিপোর্ট

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং সড়ক ও নৌপথে যাত্রীদের চলাচল নির্বিঘ্ন করতে বরিশালে প্রস্তুতিমূলক সভা করেছে জেলা প্রশাসন। বরিশালের জেলা প্রশাসক খায়রুল আলম সুমনের সভাপতিত্বে এ সভায় ঈদের আনন্দ নির্বিঘ্ন করতে সড়কপথের নিরাপত্তা জোরদারের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার ওপরও গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি ঈদযাত্রায় সাধারণ মানুষ যেন হয়রানির শিকার না হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তৎপর থাকার নির্দেশ দিয়েছেন জেলা প্রশাসক। জেলা প্রশাসক বলেন, মানুষ ঈদের কেনাকাটা শেষে যেন নির্বিঘ্নে বাড়ি ফিরতে পারে সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে সজাগ থাকতে হবে। যত্রতত্র গাড়ি পার্কিং করে যাত্রী ওঠানামা সহ সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে অতিরিক্ত ভাড়া আদায় ৩ এর পাতায় দেখুন

দৈনিক বরিশালের আলো ও বরিশাল অঞ্চল পত্রিকার প্রকাশক ও সম্পাদক মোস্তফা কামাল জুয়েলের মাতা আনোয়ারা বেগমের জানাজা নামাজ পশ্চিম রুপাতলী জামে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত -কীর্তনখোলা

কেজিতে ৩০ টাকা পর্যন্ত কমেছে সবজি, ঝাঁজ কমেনি কাঁচামরিচের

কীর্তনখোলা রিপোর্ট

সপ্তাহের ব্যবধানে বরিশালে সব ধরনের সবজির দাম ২০-৩০ টাকা পর্যন্ত কমেছে। তবে তেজ কমেনি কাঁচামরিচের। পাইকারি বাজারে কাঁচামরিচের দাম ১১০ টাকা করে বিক্রি হচ্ছে। যা খুচরা বাজারে বিক্রি হচ্ছে ১৮০ টাকা কেজি। সোমবার (২ মার্চ) সকালে বরিশাল নগরীর একমাত্র পাইকারি সবজির বাজার বহুমুখী সিটি মার্কেট ও কয়েকটি খুচরা বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ রমজানের শুরু থেকে ১২০ থেকে ২০০ টাকা বিক্রি হয়েছে। যা খুচরা বাজারে দ্বিগুণ দামে বিক্রি হয়েছে। রমজানের ১২ দিন পরেও কাঁচামরিচ ১১০ টাকা বিক্রি হচ্ছে। এছাড়া অন্যান্য সবজির দাম কেজিতে কমেছে ৩০ টাকা পর্যন্ত। এর মধ্যে সিম গত সপ্তাহে ৩ এর পাতায় দেখুন

অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে মহানগর জামায়াতের অর্থ সহায়তা

খবর বিজ্ঞপ্তি

বরিশালের বাবুগঞ্জ উপজেলাতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত একটি পরিবারের পাশে দাঁড়িয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরর আমির মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। সোমবার (২ মার্চ) সকালে তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের বাড়িতে গিয়ে সার্বিক খোঁজখবর নেন এবং নগদ আর্থিক সহায়তা প্রদান করেন। উল্লেখ্য, গত শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) রাতে বাবুগঞ্জ উপজেলার জাহাঙ্গীরনগর ইউনিয়নের শিলন্দিয়া গ্রামে কয়েলের আগুন থেকে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে একটি পরিবারের বসতঘর, রান্নাঘর ও গবাদিপশুর ঘর সম্পূর্ণ পুড়ে যায়। অগ্নিকাণ্ডে ঘটনাস্থলেই মারা যায় ৩টি গরু ও অন্তত ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় তিনদিন পর ঘুষের টাকা ফেরত দিলো বনমালি দেলোয়ার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় তিন দিন পরে ঘুষের টাকা ফেরত দিলেন উপজেলা বন বিভাগের বাগান মালি দেলোয়ার বেপারী। স্থানীয় সোহাগ ফকিরের কাছ থেকে ঘুষ গ্রহন ও স্থানীয় ছিদ্দিক ফকিরের মাধ্যমে রবিবার বিকেলে ঘুষের ১১ হাজার টাকা সোহাগ ফকিরের পিতা জলিল ফকিরের কাছে ফেরত দেয়ার ঘটনায় উপজেলার সর্বত্র ব্যাপক আলোচনার সৃষ্টি হয়েছে। ঘুষের টাকা ফেরত দিলেও উপজেলা বন কর্মকর্তা নুর মোহাম্মাদ ওই বাগান মালীর বিরুদ্ধে এখন পর্যন্ত কোন ব্যবস্থা না নেয়ায় জনমনে তীব্র ক্ষেভোর সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট সূত্র মতে, আগৈলঝাড়া ফিলিংস্টেশনের সড়কের পাশে ময়লা আর্বজনার স্তুপে আগুন দিয়ে পুড়িয়ে ৩ এর পাতায় দেখুন

মাদক সেবনের দায়ে তিন যুবকের কারাদণ্ড

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় গাঁজা সেবনের দায়ে তিন যুবককে এক মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়া আরও এক শ’ টাকা করে জরিমানা করা হয়েছে। সোমবার বিকাল সাড়ে চারটায় কলাপাড়া পৌরশহরের বাদুরতলী সরদার সড়কে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এই দণ্ড কার্যকর করা হয়। দণ্ডিতরা হচ্ছেন হাসান সিকদার (৩০), কাওসার হাওলাদার (১৯) ও সৌরভ ভুইয়া (২৭)। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার ৩ এর পাতায় দেখুন

বরগুনায় সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ১৮ পরিবারকে সহায়তা প্রদান

বরগুনা প্রতিনিধি

বরগুনায় সড়ক দুর্ঘটনায় নিহত ও আহতদের পরিবারের পাশে দাঁড়াতে ক্ষতিপূরণ হিসেবে ১৮টি পরিবারের মাঝে ৪৬ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। সোমবার (২ মার্চ) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে চেক তুলে দেন জেলা প্রশাসক তাছলিমা আক্তার। চেকগুলো মঞ্জুর করেছে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বরগুনা ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় জামায়াতে ইসলামীর ইফতার মাহফিল

আগৈলঝাড়া প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর বরিশালের আগৈলঝাড়া উপজেলা শাখার ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উপজেলার জামায়াতে ইসলামীর আয়োজনে রোববার সন্ধ্যায় মডেল মসজিদ হলরুমে উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক মো.আলাউদ্দিন মিয়ার সভাতিত্বে ইফতার পূর্বক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সূরা সদস্য ও ঢাকা ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটায় ইয়াবা সেবনে বাধা দেয়ায় হোটেল মালিককে হাতুড়ি পেটা

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটায় ইয়াবা সেবনে বাধা দেওয়ায় আবাসিক হোটেল মালিক লোকমান মৃধাকে লোহার রড ও হাতুড়ি দিয়ে পিটিয়ে গুরুতর জখম করার অভিযোগ উঠেছে। রোববার (১ মার্চ) সন্ধ্যায় কুয়াকাটা পৌরসভার পাঞ্জুপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। আহত লোকমান মৃধা হোটেল কুয়াকাটা প্যালেস-এর মালিক। স্থানীয় সূত্র জানায়, রাখাইন নারী মার্কেটের ঝিনুক ব্যবসায়ী রাসেল খান ও মিরাজ তার হোটেলে গিয়ে নিয়মিত ইয়াবা ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ভিজিএফের বরাদ্দ কমেছে, বঞ্চিত প্রায় সাড়ে ৩ হাজার

কাউখালী প্রতিনিধি

গত ঈদুল ফিতরে উপজেলার পাঁচটি ইউনিয়নে ১০ হাজার ২১৭ জন পরিবার প্রতি ১০ কেজি করে চাল বরাদ্দ পান। অথচ এবারের ঈদুল ফিতরে বরাদ্দ পেয়েছেন মাত্র সাত হাজার ৩২ জন। উপকূলীয় জেলা পিরোজপুরের কাউখালীতে নদীভাঙন প্রধান এলাকায় আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ভিজিএফের চালের বরাদ্দ কমেছে। এতে প্রায় তিন হাজার ১৮৫ জন ঈদ সহায়তা থেকে বঞ্চিত হচ্ছেন। উপজেলা প্রকল্প ও বাস্তবায়ন অফিস সূত্রে জানা গেছে, গত ঈদুল ফিতরে উপজেলার পাঁচটি ইউনিয়নে ১০ হাজার ২১৭ জন ৩ এর পাতায় দেখুন



ষাটোর্ধ্ব বৃদ্ধের বিরুদ্ধে ৯ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে ষাটোর্ধ্ব বৃদ্ধের বিরুদ্ধে দ্বিতীয় শ্রেণির এক ছাত্রীকে (৯) ধর্ষণের অভিযোগ উঠেছে। রোববার (১ মার্চ) বিকাল ৫টার দিকে উপজেলার নাজিরপুর ইউনিয়নের ধানদী গ্রামে এ ঘটনা ঘটে। অভিযুক্ত বৃদ্ধের নাম লালু শাহ। ৩ এর পাতায় দেখুন

পাথরঘাটায় বিএনপি নেতার নির্দেশে নারীকে নির্যাতন

পাথরঘাটা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটা সদর ইউনিয়নের এক গৃহবধূকে পরকীয়ার অভিযোগে সালিশ বৈঠকে প্রকাশ্যে জুতা দিয়ে পেটানোর ঘটনা ঘটেছে। রোববার (১ মার্চ) রাতে সদর ইউনিয়নের নিজলাঠিমারা গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, নিজলাঠিমারা গ্রামের এক গৃহবধূর সঙ্গে দীর্ঘদিন ধরে পরকীয়ার সম্পর্ক চলছিল স্থানীয় বেল্লাল (৩৫) নামের যুবকের সাথে। রোববার (১ মার্চ) রাতে ওই গৃহবধূর সঙ্গে দেখা করতে গেলে প্রতিবেশীরা বুঝতে পেয়ে তাকে আটক করে। এর কিছুক্ষণ পরই এ নিয়ে সদর ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com